# সমাচার দর্পণ

১০৮৫ সংখ্যা। বালম ১৮।] ১৮৩৬ সাল ৩০ আপ্রিল। শনিবার ১২৪৩ সাল ১৯ বৈশাখ। SATURDAY, APRIL 30TH. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1085. VOL. XVIII.] **Published at Serampore every Saturday Morning.** [*Price—1 Rupee monthly.*

## ইশতেহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে।

যে মফঃসলের বাজারের সরবরাহকারণ দফা দফা নীলামের দ্বারা সরকারি নমক বিক্রয়ের যে নিয়ম ছিল তাহা এই ইশ্তেহারের তারিখহইতে অতঃপর রহিত হইল।

২ দফা। আগামি জুলাই মাসের ১ তারিখঅবধি ও তদনন্তর সরকারি নমক ২৫০ মোনের ন্যূন না হয় এমত পরিমাণে খোশসওদায় নির্দ্ধারিত মূল্যে বিক্রয় হইবেক আর ঐ ২৫০ মোনের অধিক কিছু লইতে হইলে উপরি ৫০ মোন অথবা ১০০ মোন পূরা লইতে হইবেক অর্থাৎ ৩০০ মোন। ৩৫০ মোন। ৪০০ মোন। ৫০০ মোন এইরূপ।

৩ দফা। এক্ষণে যে প্রকারে ও যে দলিলে নমক ওজন দেওয়া যাইতেছে তদনুরূপে এই ইশ্তেহারের সম্বলিত ফর্দ্দের লিখিত নানা ঘাট ও গোলাহইতে নমক দেওয়া যাইবেক।

৪ দফা। যে ঘাট ও যে গোলাহইতে যে যে রকম নমক দেওয়া যাইবেক তাহার প্রত্যেকের দর এই ইশ্তেহারের সম্বলিত ফর্দ্দে বেওরাপূর্ব্বক লেখা গেল।

৫ দফা। যে সকল ব্যক্তি যে যে ঘাট অথবা গোলাহইতে নমক ক্রয় করিতে বাঞ্ছা করিবেক তাহারদিগকে এই ইশ্তেহারের সম্বলিত ফর্দ্দের লিখিত দরে ঐ নমকের কিম্মতের টাকা জেনরল ত্রেজুরীতে দাখিল করিতে হইবেক পরে ঐ টাকার বাবৎ সব ত্রেজুরর সাহেবের রসীদ বোর্ড পরমিট ও নমক ও আফীনের দপ্তরখানায় এক দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক ঐ দরখাস্তে যত নমক দরকার ও যে জিলা ও যে ঘাটহইতে নমক ওজন দেওয়া যাইবেক তাহার আইন লিখিতে হইবেক ইহাতে শরত এই যে যদি ঐ উক্ত ঘাট কিম্বা গোলায় ঐ দরখাস্তের লিখিত নমক মৌজুদ থাকে তবে দরখাস্তকর্ত্তা সেই জিলার সাল্‌ট এজেণ্ট সাহেবের উপর অথবা সালিখ্যার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের উপর ঐ খরিদা নমক দেওনের নিমিত্তে এক হুকুম পাইবেক। সেই হুকুমের সম্বলিত ঐ নমকের হেফাজাতের নিমিত্তে নিয়মিত দলিল থাকিবেক। এবং সেই দলিল এইক্ষণে যে প্রকারে ব্যবসায়ার্থে চলন হইতেছে সেইরূপ হইবেক। যদ্যপি গোলায় যে নমক মৌজুদ আছে তদপেক্ষা অধিক নমকের দরখাস্ত পাওয়া যায় তবে যাহারদিগের নিকট সবত্রেজুরর সাহেবের দত্ত আগের নবেম্বরের রসীদ থাকিবেক তাহারদিগের দরখাস্ত আগে গ্রাহ্য হইবেক। আর নমক দেওনের নিমিত্তে বোর্ডের হুকুমের তারিখঅবধি তিন মাসের মধ্যে যদি ঐ নমক গোলাহইতে খালাস না হয় তবে এক্ষণে যে প্রকার গোলাভাড়া ও শুক্তি দিতে হয় সেইরূপ দিতে হইবেক। অর্থাৎ দরমাহা ফিশত মোনে ১ টাকার হিসাবে লাগিবেক।

## ইশতেহার।

৬ দফা। দুই মাস পূর্ব্বে ইশ্তেহার না দিয়া গবর্ণমেণ্ট কোন প্রকারে এই ইশ্তেহারের ফর্দ্দের লিখিত কোন ঘাটের অথবা গোলায় মৌজুদ নমকের দর কমী করিবেন না।

৭ দফা। সরকারী গোলাহইতে যে সকল নমক বিক্রয় হয় তাহার দর কমীর বাবত ইশ্তেহার কলিকাতা গেজেটনামক ছাপার কাগজে প্রকাশিত হইবেক এবং তাহার নকল যে২ সরকারি ঘাটে ও গোলাহইতে নমক দেওয়া যায় তথায় ও বোর্ডের দপ্তরখানায় এবং তাবৎ সাল্ট এজেণ্ট ও নমক চৌকিয়াতের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কাছারীতে লটকান যাইবেক।

৮ দফা। নীলামে নমক বিক্রয়করণের রীতি পুনশ্চ স্থাপিতকরণের আবশ্যকতা হইবেক এমত কোন প্রকারেই গবর্ণমেণ্টের অনুমান হয় না যদিস্যাৎ ঐ রীতি পুনঃস্থাপন নিতান্তই আবশ্যক হয় তবে ছয় মাস পূর্ব্বে ঐ বিষয়ের ইশ্তেহার দেওয়া যাইবেক এবং ঐ ইশ্তেহারে প্রত্যেক রকম নমক যাহা ইশ্তেহারের তারিখহইতে ছয় মাসের পর নীলামে বিক্রয়ের নিমিত্ত ধরা যাইবেক তাহার ফি শত মোনের নিরিখ দর লিখিত হইবেক।

৯ দফা। ইহার পূর্ব্বে নীলামে বিক্রীত নমকের প্রতি নমকসম্বন্ধীয় আইনসকল যেরূপে খাটিত তত্তুল্যরূপে এই ইশ্তেহারের দ্বারা যে নমক খোসসওদায় বিক্রয় হইবেক তাহারো প্রতি ঐ সকল আইনের হুকুম খাটিবেক।

১০ দফা। অধিকন্তু জ্ঞাত করা যাইতেছে যে যে নমক সন হালের ১ মার্চ তারিখের পূর্ব্বে সরকারি প্রকাশ্য নীলামে খরিদারান খরিদ করিয়াছে তাহার আমানত পেশগি অথবা কিম্মতের টাকা বাকী থাকে তবে তাহা নিয়মানুসারে সানি নীলামে বিক্রয় করা যাইবেক। এই ইশ্তেহারের উপরের লিখিত শরুত দ্বারা কোন মতে ঐ সানি নীলামের ব্যাঘাত কিম্বা সাবেক নীলামের শরুত আমলে আনিবার প্রতিবন্ধকতা উপলব্ধি হইবেক না।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট ও নমক ও আফিন ইতি তাং ২৩ মার্চ সন ১৮৩৬ সাল।

**S. G. PALMER,**
*Acting Secretary.*

নীচের লিখিত ঘাটহায় ও গোলাহায়ে নমক মৌজুদ থাকিলে যেপ্রকার নির্দ্ধারিত দরে নমক পাওয়া যাইবেক তাহার তফসীল।

জিলা হিজলির এজেন্সী।

৮২ সিক্কার ওজনে ফি সের ও ৪০ সেরে ফি মোন এই হিসাবে ১০০ মোনের দর।

| | কোং টাকা |
|---|---|
| রসুলপুর | ৪১৭ |
| কালীনগর | ৪২১ |
| মাদাখালি | ১১৬ |

## ইশতেহার।

| | |
|---|---|
| গুপিনগর | ৪৪৩ |
| কৃষ্ণনগর | ৪৩৭ |
| তেরপাইকা | ৪৪৩ |
| খোলাখালী | ৪২৯ |
| রামনগর | ৪১৬ |
| নাফরী | ৩৮৫ |

জিলা তমোলুকের এজেন্সী।

| | |
|---|---|
| নারায়ণপুর | ৪৩৪ |
| শিউড়িয়া | ৪৪১ |
| সামপুর | ৪৩৯ |

জিলা চব্বিশপরগনার এজেন্সী।

| | |
|---|---|
| ধসা বাহারবুনী | ৪৪৮ |
| দেশী | ৪৩৭ |

জিলা যশোহরের এজেন্সী।

| | |
|---|---|
| বাগুণ্ডী | ৪৩৬ |

জিলা ভুলুয়া এজেন্সী।

| | |
|---|---|
| গোপালপুর | ৪১৬ |
| সন্দীপ | ৪১৬ |
| হাতিয়া | ৪২৭ |
| সাগরদী | ৪২৭ |
| দক্ষিণ শাহাবাজপুর | ৪২৭ |
| ধনিয়া মনিয়া | ৪২৭ |

জিলা চট্টগ্রাম এজেন্সী।

| | |
|---|---|
| নেজামপুর মবারকঘনা | ৪১৬ |
| ভগবানপুর | ৪২৭ |
| জুলদিয়া | ৪৩৭ |
| বাহিরচর | ৪২৭ |
| খরসকুল | ৪২৭ |
| আরাকানের নমক বাবতে ১৮৩৩। ৩৪। ৩৫ | ৪২৭ |

সালিখাগোলা!

| | |
|---|---|
| কটক পাঙ্গা বাবতে ১২৪০ সাল | ৪৬৫ |
| খোরাদা ঐ ১২৪০ সাল | ৪৬৯ |
| বালেশ্বর ঐ ১২৪০ সাল | ৪৬৪ |
| মান্দ্রাজ পরিমিট ঐ ১৮৩৩। ৩৪ সাল | ৪০৫ |
| বোম্বাই নমক ১৮৩৩। ৩৪ সাল | ৩৯৫ |
| বসরা নমক ১৮৩৪। ৩৫ সাল | ৪১৬ |
| সৈলান নমক ১৮৩৩। ৩৪ সাল | ৩৯৫ |
| মক্কা নমক ১৮৩। ৩৬ সাল | ৪১১ |
| লেবরপুল নমক | ৪২৭ |
| সৈন্ধব লবণ | ৪২৭ |
| আবরা নমক | ৩৭৩ |

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট ও নমক ও আফীন ২৩ মার্চ সন ১৮৩৬ সাল মং ১২৪০ সাল বাং তাং ১২ চৈত্র।

**S. G. PALMER,**
*Acting Secretary.*

*Advertisement.*

Four Thousand maunds of excellent Paddy, for Sale, at No. 51, Dhurrumtollah, at 9 annas per maund; to be delivered in any quantity above 10 maunds. Enquire of the Sirkars at the above place.

## ইশতেহার।

ধর্ম্মতলার ৫১ নম্বরের বাটীতে চারি হাজার মোন সুন্দর ধান্য মোনকরা নয় আনার হিসাবে বিক্রয়ার্থ রক্ষিত হইয়াছে। দশ মোনের অধিক যত লইতে চাহেন তাহা উক্ত স্থানের সরকারেরদিগকে জিজ্ঞাসা করিলে পাইতে পারিবেন।

## বিজ্ঞাপন।

সমাচার দেওয়া যাইতেছে যে গত ২ মার্চ বুধবার কলিকাতা নগরে শ্রীভগবতীচরণ সরকারের স্থানহইতে দুই কেতা বাঙ্গাল বেঙ্ক নোট খোয়া গিয়াছে বিশেষতঃ

২২,০৫৮ নং এক কেতা ১০০০ টাকা

২১,৮৯৭ নং এক কেতা ১০০০

যিনি এই নোট পাইয়া থাকেন অথবা অনুসন্ধান পান তিনি অনুগ্রহপূর্ব্বক কলিকাতা শহরের লালগির্জার ছাপাখানাতে শ্রীযুত মরি সাহেবের নিকট অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে তাহার সম্বাদ দিলে উপযুক্ত পারিতোষিক পাইবেন।

## ইঙ্গরেজী ও বাঙ্গলা ডিক্স্যনরি।

জ্ঞাপন করা যাইতেছে যে শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে ইঙ্গরেজী শব্দের অর্থ বঙ্গ ভাষাতে লিখিত যে দ্বিতীয় বালম ডিক্স্যনরি মুদ্রাঙ্কিত হইয়াছিল তাহা পুনর্ব্বার উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া অদ্য প্রকাশ হইল। মূল্য পূর্ব্বমতই দুই বালমে ১০ এক বালমে ৬ টাকা স্থির আছে। যাঁহার লওনের আবশ্যক থাকে শ্রীরামপুরের ছাপাখানাতে বা কলিকাতার লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে গমন করিলে পাইবেন।

শ্রীরামপুর ১৫ আপ্রিল ১৮৩৬।

বাঙ্গলা এলাকার মধ্যে জিলা চব্বিশ পরগনার খড়দহের জমিদার প্রাণকৃষ্ণ বিশ্বাস সংপ্রতি যে উইল অর্থাৎ দান পত্র করিয়া যান তাহার প্রবেট বঙ্গ দেশেস্থ ফোর্ট উলিয়ম রাজধানী সুপ্রিম কোর্টের শ্রীযুত জজ সাহেবেরদেরকর্ত্তৃক ইক্লিজিয়া ষ্টিকল জুরিস ডিক্সনে উক্তদান পত্রে লিখিত শহর কলিকাতার দরমাহাটার গলিনিবাসি জমীদারান টর্ণি আনন্দময় বিশ্বাস ও বিশ্বনাথ বিশ্বাস ও শম্ভুনাথ বিশ্বাস ও কাশীনাথ বিশ্বাস এবং চন্দ্রমোহন বিশ্বাসকে অদ্য প্রদত্ত হওয়াতে উক্ত মৃত ব্যক্তির ইষ্টেটের উপর যে সকল ব্যক্তির দাওয়া থাকে তাঁহারদিগকে জানান যাইতেছে যে তাঁহারা তদ্বিষয় উক্ত টর্ণিরদিগকে জ্ঞাপন করেন ও যাঁহারা তাহাতে ঋণগ্রস্ত আছেন তাঁহারা অবিলম্বে উক্ত টর্ণিরদের নিকটে তাহা পরিশোধ করেন।

হেজর ইস্মালি।

কলিকাতা ২২ আপ্রিল ১৮৩৬।

### অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতিঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমকাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে স্বয়ং লইতে আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন ইতি।

---

### রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্র পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

---

### সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে স্বয়ং লইতে আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন ইতি।

### মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে সুপণ্ডিতকর্তৃক সংশোধনপূর্ব্বক মুদ্রাঙ্কিত হইতেছে ঐ গ্রন্থ দুই বালমে প্রস্তুত হইবে। মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

---

### বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সাল অবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তমবালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩৩ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধআইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইনপ্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

ফোর্ট উলিয়ম লেজিসলেটিব ডিপার্টমেণ্ট

১৮ আপ্রিল ১৮৩৬।

প্রস্তাবিত আইনের নীচে লিখিতব্য পাণ্ডুলেখ্য ১৮৩৬ সালের ১৮ আপ্রিল তারিখে প্রথমবার পঠিত হয়।

১৮৩৬ সালের আক্‌ট নং।

হুকুম হইল যে শাবাতু ও তৎসংক্রান্ত অন্যান্য প্রদেশ যে কর্ম্মকারক বা কর্ম্মকারকেরদের জিম্মায় রাখা যাইবে সেই কর্ম্মকারক বা কর্ম্মকারকেরা দেওয়ানী মোকদ্দমাবিষয়ে আলাহাবাদের সদর দেওয়ানী আদালতের কর্তৃত্বাধীনে থাকিবেন এবং ঐ কর্ম্মকারক বা কর্ম্মকারকেরা ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুরের স্থানে যে হুকুম পাইয়াছেন বা উত্তরকালে পাইবেন সেই হুকুমানুসারে তাঁহারা আপনারদের কর্তৃত্বকার্য্য সম্পন্ন করিবেন।

---

হুকুম হইল যে পঠিত আইনের পাণ্ডুলেখ্য সর্ব্বজনগোচরার্থ প্রকাশিত হয়।

এবং হুকুম হইল যে উক্ত আইনের পাণ্ডুলেখ্য আগামি ৭ জুন তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম বৈঠকে পুনর্ব্বিবেচনা হইবে।

উলিয়ম হে মাকনাটন

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

ফোর্ট উলিয়ম পোলিটিকাল ডিপার্টমেণ্ট

১৮ আপ্রিল।

১৮৩৪ সালের ২০ নবেম্বর তারিখে যে হুকুম হয় তাহা মতান্তর করিয়া ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এই স্থির করিয়াছেন যে নীচে লিখিতব্য কর্ম্মকারক সাহেবেরা উত্তরকালে রাজকীয় ব্যাপারবিষয়ে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সঙ্গে লিখনপঠন না করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের সঙ্গে লিখনপঠন করিবেন।

বিশেষতঃ উত্তর পূর্ব্বসীমাস্থ গবর্‌নর্‌ জেনরল বাহাদুরের এজেন্ট।

মণিপুরের পোলিটিকাল এজেন্ট।

খাসিয়া পর্ব্বতের পোলিটিকাল এজেন্ট।

উলিয়ম হে মাকনাটন

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

### রাজকর্ম্মে নিয়োগ।

২০ আপ্রিল ১৮৩৬।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত হেনরি জে মিডলটন সাহেব বিলাত গমনার্থ করমণ্ডল জাহাজারোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি ছাড়িয়াছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত উলিয়ম ব্লণ্ট সাহেব কওয়াসজি ফেমেলীনামক জাহাজারোহণে বর্ত্তমান মাসের ১৯ তারিখে গঙ্গাসাগরহইতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

---

নিমক ক্রোককরণবিষয়ে এবং নিমকী আইন উল্লঙ্ঘনপূর্ব্বক অন্যান্য যে অপরাধ হয় তদ্বিষয়ে ১৮১৯ সালের ১০ আইনের ৯৬ অবধি ১০৯ ধারাপর্য্যন্ত নিষ্পত্তিকরণের ক্ষমতাবিষয়ে যে বিধি নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতা নীচে লিখিতব্য মোকামের কালেকটর ও মাজিস্ত্রেট সাহেবের হস্তে অর্পিত হইল।

অর্থাৎ উপরি সুপরিণ্টেণ্ডেন্ট শ্রীযুত বেকর ও শ্রীযুত কেনেডি সাহেব ভুলুয়া ও চট্টগ্রামে যখন নিমক ক্রোক বা ঐ ক্রোকের রিপোর্ট করিবেন তখন উপরিউক্ত আইনঅনুসারে কার্য্য করিবেন।

মেদিনীপুরের উপরি সুপরিণ্টেণ্ডেন্ট শ্রীযুত কাম্বেল সাহেব যখন নিমকের ক্রোক কিম্বা তদ্বিষয়ক রিপোর্ট করিবেন তখন ঐ জিলার শ্রীযুত কালেক্‌টর ও মাজিস্ত্রেট সাহেব উপরিউক্ত আইনঅনুসারে কার্য্য করিবেন।

### FORT WILLIAM, LEGISLATIVE DEPARTMENT,

*18th April*, 1836.

The following Draft of a proposed Act, was read in Council for the first time, on the 18th April, 1836.

ACT, No. —— OF 1836.

It is hereby enacted, that the Functionary or Functionaries who are, or may be, appointed to the Political charge of Subathoo and the other Territories annexed thereto, be placed under the control and superintendence, in civil cases, of the Court of Sudder Dewanny Adawlut at Allahabad; and that such control and superintendence shall be exercised in conformity with such instructions as the said Functionary or Functionaries may have received, or may hereafter receive from the Governor General of India in Council.

---

Ordered that the Draft now read, be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 7th day of June next.

W. H. MACNAGHTEN,

*Sec. to Govt. of India.*

### POLITICAL DEPARTMENT,

*Fort William, 18th April*, 1836.

In modification of the orders issued under date the 20th November, 1834, the Right Honourable the Governor General of India in Council has been pleased to resolve, that the undermentioned officers shall correspond in future on matters of a Political nature ,with the Secretary to the Government of India, instead of the Secretary to the Government of Bengal.

Agent to the Governor General on the North East Frontier.

Political Agent in Munipore.

Political Agent in the Cosseeah Hills.

W. H. MACNAGHTEN,

*Sec. to Govt. of India.*

---

### Civil Appointments.

*20th April*, 1836.

Mr. Henry J. Middleton, of the Civil Service, embarked for England on board the Ship *Coromandel*, which vessel was left by the pilot at sea on the 10th instant.

Mr. William Blunt, of the Civil Service, reported his departure from the Sand Heads on board the *Cowasjee Family* on the 19th instant.

---

The Collectors and Magistrates at the following Stations are vested with the powers of adjudication described in Sections XCVI. to CIX. Reg. X. 1819, in respect to cases of seizure of Salt and other offences charged to have been committed in contravention of the Laws enacted to protect the Revenue derived from Salt, viz.

The Collectors and Magistrates of Bulloah and Chittagong, when the seizure may be made or the case reported by Messrs. Baker and Kennedy, Uncovenanted Superintendents.

The Collector and Magistrate of Midnapore, when the seizure may be made or the case reported by Mr. T. Campbell, Uncovenanted Superintendent of that Division.

১৯আপ্রিল।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত লারেল সাহেব বিলাত গমন করিয়াছেন তৎপদে শ্রীযুত ই ডিড্স সাহেব মুরশিদাবাদের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

শ্রীযুত এচ জি আষ্টেল সাহেব ১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের রেবিনিউ ও দায়ের সায়েরী কমিস্যনরের আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত মৌলবী আবদুল মসজীদ জিলা চট্টগ্রামের প্রধান সদর আমীন হইয়াছেন।

শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী পাটনা শহরের সদর আমীন হইয়াছেন।

শ্রীযুত ইফরাইস ডেকষ্টা সাহেব জিলা সাবণের সদর আমীন হইয়াছেন।

শ্রীযুত এচ এস ওলড্ফীল্ড সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জি পি লেষ্টর সাহেব মুরশিদাবাদের সিবিল ও সেসন জজের তাবৎ চলিত কর্ম্ম নির্ব্বাহকরণার্থ হুকুমপাইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

মেদিনীপুরের একটিং উপরি জজ শ্রীযুত আর পি নিসবট সাহেব স্বীয় কর্ম্মোলক্ষে বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটি পাইয়াছেন।

নবদ্বীপের একটিং উপরি জজ শ্রীযুত এচ পি রসল সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের ছুটিপর্য্যন্ত সাত দিবসের ছুটি পাইয়াছেন।

নবদ্বীপের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত সি জি অড্নি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের ছুটিপর্য্যন্ত দশ দিবসের ছুটি পাইয়াছেন।

জিলা যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত হরিনারায়ণ ঘোষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিবসের ছুটি পাইয়াছেন।

২২ আপ্রিল।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবরনর্ বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সি ই ত্রিবিলিয়ন সাহেব রেবিনিউ সদর বোর্ডের সেক্রেটরীর কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৩ আপ্রিল।

উত্তর পশ্চিম প্রদেশের শ্রীযুত লেপ্তেনন্ত গবরনর্ সাহেব স্বীয় পদোপলক্ষে নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

পদাতিক সৈন্যের ৫৮ রেজিমেন্টের লেপ্তেনন্ত শ্রীযুত জে এম হিগিন্সন সাহেব শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর্ সাহেবের নিজের সেক্রেটরী ও মুশাহেব হইয়াছেন।

শ্রীযুত ডাক্তর জে এস লগিন সাহেব শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর্ সাহেবের চিকিৎসক হইয়াছেন।

---

শ্রীযুত বুসবি সাহেব জেনরল ও পলিটিকাল ডিপার্টমেন্টের সেক্রেটরীর কর্ম্মের ভার পুনর্গ্রহণকরাতে আপ্রিল মাসের শেষপর্য্যন্ত যে ছুটি পাইয়াছিলেন তাহা উক্ত তারিখঅবধি রহিত হইয়াছে।

১৬ আপ্রিল।

শ্রীযুত উলিয়ম গর্টন সাহেব বারাণসীর শ্রীযুত লেপ্তেনন্ত গবরনর্ সাহেবের এজেন্টের পদ অল্পকালের নিমিত্ত শ্রীযুত ডি বি মারিসন সাহেবকে অর্পণার্থ হুকুম পাইয়াছেন।

বুন্দেল খণ্ডের শ্রীযুত লেপ্তেনন্ত গবরনর্ সাহেবের এজেন্ট শ্রীযুত সৈমন ফ্রেজর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কানপুরে গমনার্থ মহরমের ছুটিপর্য্যন্ত দশ দিবসের ছুটি পাইয়াছেন

*19th April.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. E. Deedes to be Joint Magistrate and Deputy Collector of Moorshedabad, vice Mr. Lawrell who has proceeded to Europe.

Mr. H. G. Astell to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 11th or Patna Division.

Moulavee Abdool Musjeed to be a Principal Sudder Ameen in Zillah Chittagong.

Syed Imdad Ali to be Sudder Ameen in the City of Patna.

Mr. Ephraim DaCosta to be Sudder Ameen in Zillah Sarun.

Mr. G. P. Leycester has been authorised to conduct the current duties of the office of Civil and Session Judge of Moorshedabad, in the room of Mr. H. S. Oldfield.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. R. P. Nisbet, officiating Additional Judge of Midnapore, for three weeks, from the 25th instant, on private affairs.

Mr. H. P. Russell, officiating Additional Judge of Nuddea, for seven days, on private affairs, during the Mohurum Vacation.

Mr. C. G. Udny, officiating Civil and Session Judge of Nuddea, for ten days, on private affairs, during the Mohurum Vacation.

Hurreenarain Ghose, Principal Sudder Ameen in Zillah Jessore, for twenty days, on Medical Certificate.

*22d April.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment :

Mr. C. E. Trevelyan to officiate as Secretary to the Sudder Board of Revenue.

*13th April.*

The Honourable the Lieutenant Governor of the North Western Provinces is pleased to make the following appointments to his Personal Staff :

Lieut. J. M. Higginson, 58th Regiment N.I., to be Private Secretary and Aide-de-Camp to the Lieutenant Governor.

Doctor J. S. Login to be Surgeon to the Lieutenant Governor.

---

Mr. Bushby having resumed charge of the office of Secretary in the General and Political Departments, the leave of absence granted to him until the end of April, is cancelled from this date.

*16th April.*

Mr. William Gorton has been authorized to make over charge of the office of Agent to the Lieutenant Governor, at Benares, to Mr. D. B. Morrieson, as a temporary arrangement.

Mr. Simon Fraser, Agent to the Lieutenant Governor, in Bundlekund, has leave of absence for ten days, during the Mohurum for the purpose of visiting Cawnpore, on private affairs.

# সমাচার দর্পণ

শনিবার ৩০ আপ্রেল ১৮৩৬।

---

টৌন ডুটি অর্থাৎ নগরীয় মামুল রহিত করণ।

আমরা অত্যাহ্লাদপূর্ব্বক পাঠক মহাশয়েরদিগকে জ্ঞাপন করিতেছি যে ১ মে তারিখঅবধি তাবৎ নগরীয় মামুলরহিত হইবে কৌন্সেলের এমত আজ্ঞা হইয়াছে। এবং নগরীয় মামুল ও রাহাদারি মামুল রহিতকরণেতে গবর্ণমেণ্টের যে ক্ষতি হইবে তাহা পোষণার্থ সমুদ্রপথে আমদানী ও রফ্তানী তাবৎ দ্রব্যের উপরে নূতন মামুল বসান যাইবে। এই বিষয়ে গবর্ণমেণ্ট যে আইন করিয়াছেন তাহা নিরবকাশে প্রকাশ করিতে না পারাতে আমারদের খেদ জন্মিল ভরসা করি আগামি সপ্তাহে তাহা হাসীলের তফসীলসুদ্ধ অনুবাদ করিয়া প্রকাশ করিব।

---

নূতন মুদ্রা।

আগামি ১ মে তারিখে ইউরোপীয় বাণিজ্যসম্পর্কীয় সাহেবেরদের নূতন কার্য্যারম্ভ ও খাতার পরিবর্ত্তন হয় অতএব ঐ তারিখঅবধি ইউনিয়ন বেঙ্কের তাবৎ হিসাব নূতন টাকাতে চলিবে। এবং চেম্বর অফকমর্স অর্থাৎ কলিকাতাস্থ বাণিজ্যসমাজ যে বিজ্ঞাপন করেন তাহাতে দৃষ্ট হইল যে কলিকাতাস্থ বাণিজ্যকুঠীসম্পর্কীয় ২৮জন ঐ তারিখঅবধি ঐ টাকাতে তাবৎ খাতার হিসাব রাখিবেন এবং উত্তরকালীন হিসাব এবং যত দেনা পাওনা সমুদায়ই ঐ টাকাতে করিবেন।

---

ইনশালবেণ্ট কোর্ট।

গত শনিবারে ইনশালবেণ্ট আদালতে যে বৈঠক হয় তাহাতে শ্রীযুত ইয়ং ও সদর্লণ্ড ও গর্ডন সাহেব চূড়ান্তরূপেই মুক্ত হইলেন কিন্তু শ্রীযুত ডবলিউ প্রিন্সেপ ও জি এ প্রিন্সেপ সাহেবের দরখাস্ত গ্রহণ এই অভিপ্রায়ে স্থগিত রহিল যে ঐ উভয় সাহেব এই নিশ্চয় করেন যে তাঁহারা আদালতে উপস্থিত হইয়া ইষ্টেট ও ত্রষ্ট অর্পণের তফসীলে যে জমা খরচ আছে তাহা স্পষ্টরূপে কহেন কিম্বা বিজ্ঞবর শ্রীযুত জজ সাহেবের নিষ্পত্তিতে সম্মত হন। শ্রীযুত জজ সাহেব কহিলেন যে আমি ঐ দরখাস্তপক্ষে প্রতিপক্ষ কিন্তু সুপ্রিম কোর্টে আপীলপক্ষে সপক্ষ বটি। শ্রীযুত বালার্ড ও এন আলেকজান্দর সাহেব উপস্থিত না থাকাতে তাঁহারদের বিষয় বিবেচনা স্থগিত রহিল এবং তাঁহারদের চূড়ান্তরূপ মুক্তহওনবিষয় ও শ্রীযুত ডবলিউ ষ্টরম সাহেবের নিষ্পত্তিবিষয় সুপ্রিম কোর্টে বিচারার্থ রহিল।

---

গবরনর্ জেনরলের নিকট দরখাস্ত।

জুরী ও ত্রৈমাসিক সেসন অর্থাৎ মিছিল ও কলিকাতা শহরের সীমা বর্দ্ধনবিষয়ক দরখাস্ত দেওনার্থ প্রেরিত কএক জন সাহেব কল্য নিয়মানুসারে গবর্ণমেণ্টের নিকট গমন করিয়াছিলেন। অবগত হওয়া গেল যে একাকী হইয়া শ্রীলশ্রীযুত অতিকোমলস্বভাবে তাঁহারদিগকে গ্রহণ করিলেন এবং অঙ্গীকার করিলেন যে এই দরখাস্তের মধ্যে যে২ গুরুতর বিষয় প্রস্তাবিত আছে তাহাতে কৌন্সেল বোর্ড উচিতমত বিবেচনা করিবেন আরো কহিলেন যে আমি এতদ্দেশে কেবল সংপ্রতি আগমনকরিয়াছি অতএব এই দরখাস্তের মধ্যে যে কএক বিষয় প্রস্তাবিত তাহার

# SUMACHAR DURPUN.

SATURDAY, 30TH APRIL, 1836.

*Abolition of Town Duties.*

WE are most happy in being able to state that the Town Duties have been abolished by an order of Council from the 1st of May next; and that to make up the loss which Government will sustain by the extinction of these and of the Transit Duties, extra duties are to be levied on sea borne commerce, both export and import.

We regret that we are unable this week to publish the Government order on this subject; but next week we shall be able to give it with a translation, and also the new Tariff.

---

*The New Coinage.*

On the 1st of May next, the beginning of the new commercial year in the European community, the Union Bank will begin to keep accounts in the new or Company's Rupees. We perceive from a notice published by the Chamber of Commerce, that twenty-eight of the European houses of business in Calcutta have agreed to convert the balances in their books on that date into Company's Rupees in which coin they will in future keep all their accounts, and conduct all their pecuniary dealings.

---

*Insolvent Court.*

In the Insolvent Court held on Saturday last, Messrs. Young, Sutherland and Gordon, obtained their final discharge. The applications on behalf of Mr. W. Prinsep and Mr. G. A. Prinsep were suspended, in order that the parties might have an opportunity of making their election whether they would come in and make explanation of certain entries on their schedule under the head of Estates and Trusts, or have the decision of the learned Judge, which he intimated would be against the application, and for an appeal to the Supreme Court. The order, in the matter of Mr. Ballard and Mr. N. Alexander was suspended on account of their absence, and the question regarding their obtaining a final discharge was reserved together, with that regarding Mr. W. Storm, for the decision of the Supreme Court.

---

*Petition to the Governor General.*

The Deputation, with the Petition relative to Juries, Quarter Sessions and extension of the Town limits, waited upon the Governor General yesterday morning by appointment. His Lordship, we understand, received them alone with much affability, and promised that the important matter which the Petition prayed for, should have due attention at the Council Board, observing at the same time that his very recent arrival in the country had not yet allowed him much opportunity to consider the seve-

তাবদ্বিবেচনাকরণের অদ্যাপি তাদৃশ অবকাশ পাই নাই।

### নূতন জাহাজ নির্ম্মাণকরণ।

সংপ্রতি কলিকাতায় যে সকল জাহাজ নির্ম্মিত হইতেছে তদ্বিষয়ক নীচে লিখিতব্য ফর্দ্দদৃষ্টে বোধ হয় যে জাহাজের কারখানাসকল পুনর্ব্বার জেঁকে উঠিল।

বিশেষতঃ কীড কোং কারখানাতে ৪০০ টনধারি সওদাগরী এক জাহাজ নির্ম্মাণ হইয়াছে।

শ্রীযুত আমব্রোস সাহেবের কারখানাতে ৩ জাহাজ অর্থাৎ ৪৫০ টনধারি এক এবং ২৫০ টনধারি এক ক্ষুদ্র জাহাজ ও ইতস্ততো বাণিজ্যার্থ ৩২০ টনধারি এক।

শ্রীযুত তামস সাহেবের কারখানাতে ২ জাহাজ অর্থাৎ ৪৫০ টনধারি এক ও ৩০০ টনধারি এক এই দুই জাহাজ ভারি বোঝাই লওনার্থ প্রস্তুত হইতেছে।

হাবড়ার ডাক কোং কারখানাতে বাষ্পীয় ২ জাহাজ অর্থাৎ ৩০০ টনধারি এক ও ১৭০ টনধারি এক এবং আরাকানের তটে প্রেরণার্থ শীঘ্রগামি কএকখান নৌকা নির্ম্মিত হইতেছে।

### সর চার্লস মেটকাফ।

বর্ত্তমান মাসের ২১ তারিখে শ্রীশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব আলাহাবাদে পঁহুছিবেন এমত অপেক্ষা ছিল এবং অপেক্ষিতাতিরিক্ত দিনেক দুই দিন আরো শীঘ্র পঁহুছিতেন কিন্তু বাষ্পীয় জাহাজ ও তদাকৃষ্ট জাহাজ উভয়ই মুঙ্গেরের দক্ষিণে বালুকাময় চড়ায় ঠেকিয়াছিল এইপ্রযুক্ত বিলম্ব হইয়াছে।

### ধর্ম্ম সভা।

শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে এইক্ষণে ধর্ম্মসভার যে রীতি আছে তদপেক্ষা উত্তম রীত্যনুসারে অর্থাৎ যাহাতে দেশের হিত ও সভান্তঃপাতি লোকেরদের সম্ভ্রম বৃদ্ধি হইতে পারে এমত কার্য্য করিতে সভ্যেরা প্রবর্ত্ত হইয়াছেন। সংপ্রতি চন্দ্রিকায় প্রকাশিত ঐ সভার দ্বাদশ মাসিকের সম্বাদ পাঠ করিয়া বোধ হইল যে ঐ সভ্যেরা কলিকাতাস্থ যে সকল ভাগ্যবান ব্যক্তিরদের প্রতি বিরক্ত আছেন তাঁহারদের নিকটে যে কএক জন ভিক্ষোপজীবি ব্রাহ্মণ পণ্ডিত দান প্রতিগ্রহ করিয়াছিলেন তাঁহারদিগকে কেবল তাঁহারাই অব্যবহার্য্য করিয়াছেন এতাবন্মাত্র মহাকার্য্য। অতএব আমরা বিবেচনা করিলাম যে ঐ সভার মধ্যে কলিকাতাস্থ স্বধর্ম্মাভিমানী যে মহাশয়েরা আছেন তাঁহারদের এইক্ষণে এমত সঙ্কল্প হইয়াছে যে ইহা অপেক্ষা অন্য কোন সম্ভ্রমজনক ব্যাপারে প্রবর্ত্ত হন। এইক্ষণে অবগত হওয়া গেল যে দেওয়ান শ্রীযুত রামকমল সেনের প্ররোচক প্রবোধেতে তাঁহারা ঐ মহোপকারক কার্য্যে প্রবর্ত্ত হইবেন। সভার শেষ বৈঠকের কার্য্য বিবরণ আমরা কুরিয়র পত্রহইতে গ্রহণ পূর্ব্বক প্রকাশ করিলাম।

এই বৎসরে গত দিবসের অপরাহ্নে ধর্ম্মসভার প্রথম বৈঠক হয় তাহাতে শ্রীযুক্ত মহারাজা কালীকৃষ্ণ বাহাদুর সভাপতি হইলেন।

অপর সভাসম্পাদক গত বৈঠকের বিবরণ পাঠ করিলে রীতিমত সভার নানা ব্যাপার সম্পাদন হইল।

পরে শ্রীযুত বাবু রামকমল সেন শ্রীযুত ডাক্তর উইলসন সাহেবের স্থানহইতে যে পত্র প্রাপ্ত হন তাহার চুম্বক পাঠ করিলেন তাহাতে ঐ সাহেব লেখেন যে ভারতবর্ষীয় লোকের মঙ্গলবর্দ্ধক প্রকৃতোপায় ভারতবর্ষের কৃষিকার্য্যের প্রতিপোষণকরণ।

অনন্তর উক্ত বাবু প্রস্তাব করিলেন যে ধর্ম্মসভাতে জাতীয় বা ধর্ম্মবিষয়ে যে সকল কার্য্য হইয়া থাকে তদ্বিবরণ চন্দ্রিকাপত্রে আর প্রকাশ না হয় যেহেতুক তাহা প্রকাশকরণেতে লোকের কিছুমাত্র উপকার নাই বরং তাহাতে আমারদের মধ্যেই পরস্পর ঈর্ষাঈর্ষি জন্মে এবং পরিণামে ধর্ম্মসভারো লোপসম্ভাবনা। আরো কহিলেন যে রাজকীয় ব্যাপারবিষয়ক বিবেচনার্থ এই সভাতে সর্ব্বজাতীয় লোকেরা উপস্থিত হওনে কোনপ্রকারে সকলের মতের ঐক্য হইতে পারে না। অতএব আমার পরামর্শ এই যে একটা শাখা সভা অবিলম্বে স্থাপন হয় এবং এইক্ষণকার সভাতে অপ্রয়োজনীয় যে নানা বিষয় উপস্থিত হইতেছে তাহা ঐ সভাতে উপস্থিত না করিয়া সকলের হিতজনক জমিদারী ও কৃষিকর্ম্মাদির আন্দোলন করা যায়।

সভাপতি এই প্রস্তাব গ্রাহ্য করিয়া কহিলেন যে ঐ শাখা সভা স্থাপনার্থ কোন স্থান নিরূপণ ও ঐ সভার কোন বিশেষ নাম দেওয়া উচিত এবং কলিকাতার মধ্যে ও তৎসন্নিহিত প্রদেশে যে সকল জমিদার ও তালুকদার ও পত্তনিদার আছেন তাঁহারদিগকে বিশেষ বিজ্ঞাপনপত্রের দ্বারা ঐ সভাতে আগমনার্থ আহ্বান করা যায়। এই প্রস্তাবে প্রায় সকলের সম্মতি হইল কিন্তু সভাসম্পাদক শ্রীযুত ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় অনেক আপত্তি করিয়া কহিলেন যে ঐ সভাতে নানাজাতীয় লোক একত্র উপবিষ্ট হইলে অনেক অনিষ্টসম্ভাবনা কিন্তু তাঁহার কথায় প্রায় কেহ মনোযোগ করিলেন না অতএব এই স্থির হইল যে উপরিউক্ত নানা বিষয়ের ঔচিত্যানৌচিত্য বিবেচনার্থ এক শাখা সভা স্থাপিতা হয়।

অনন্তর প্রদোষে সাড়ে সাত ঘণ্টা সময়ে বৈঠক ভঙ্গ হইল।

### আশুতোষ দেবের নির্দ্দোষীকরণ।

আমরা গত সপ্তাহে প্রকাশ করিয়াছিলাম যে শ্রীযুত বাবু আশুতোষ দেবের নামে মিথ্যা শপথকরণবিষয়ে যে অভিযোগ হইয়াছিল তাহাতে তিনি নির্দ্দোষীকৃত হইয়াছেন এবং তাঁহার ভ্রাতা শ্রীযুত বাবু প্রমথনাথ দেবের প্রতি যে অভিযোগ হয় তাহাতেও তিনি পরিস্কৃত হইয়াছেন। পাঠক মহাশয়েরা প্রায় অনেকে ঐ মোকদ্দমার বৃত্তান্ত জ্ঞাত হইতে ইচ্ছুক আছেন বোধ করিয়া চন্দ্রিকাহইতে তদ্বার্ত্তা গ্রহণ পূর্ব্বক আমরা প্রকাশ করিলাম। জুরীর সাহেবেরদের সম্মুখে উক্ত বাবু এমত নির্দ্দোষী হইলেন যে তাঁহারা কেবল ফরিয়াদীর জোবানবন্দী শ্রবণে আসামীপক্ষীয় সাক্ষ্যাপেক্ষা না করিয়াই একেবারে আসামীকে নির্দ্দোষী করিলেন।

### বোম্বাইতে গবর্ণমেণ্টের খরচে গুরুপূজা।

বোম্বাই দর্পণহইতে গ্রহণপূর্ব্বক নীচে লিখিত প্রস্তাব প্রকাশ করা গেল। তাহাতে এই দৃষ্ট হইতেছে যে গবর্ণমেণ্ট সরকারী কোষহইতে গুরুপূজার নিমিত্ত বার্ষিক ৩০০ টাকা দান করিতেছেন। এবং আরো বোধ হয় যে এইরূপ সরকারী টাকা ব্যয় করাতে এতদ্দেশীয় লোকেরদের সন্তোষ আছে ইউরোপীয়েরা ইহা জ্ঞান করেন এমত নহে।

শ্রীযুত বোম্বাই দর্পণসম্পাদক মহাশয় বরাবরেষু।

আমারদের পূর্ব্বকার অতিহিতৈষি গবর্নর শ্রীলশ্রীযুত এলফিনষ্টন সাহেব হিন্দু জাতীয়েরদের বিদ্যা লোপ না হয় এবং পেসওয়ার অধিকার সময়ে যেরূপ বিদ্যার প্রাচুর্য্য ছিল তদনুরূপই থাকে এত

...ral questions it embraced.—*Cal. Cour. April* 22.

### *Building of new Ships.*

The following list of vessels now building in Calcutta, shews that there is renewed activity in our yards.

At Kyd and Co.'s yard—A merchant vessel of about 400 tons.

At Mr. Ambrose's—Three vessels, a ship of 450 tons, a barque of 250 tons, and a ship of 320 tons for the general cruizing trade.

At Mr. Thomas's—Two vessels, one of 450, the other of 300 tons, (both constructed to carry large cargoes.)

At the Howrah Dock Company's yard—Two steamers, one of 300 tons, the other of 170 tons, and dispatch boats for the Coast of Arracan.

### *Sir Charles Metcalfe.*

Sir Charles Metcalfe was expected at Allahabad on the 21st instant, and he would have arrived a day or two sooner, but that his progress had been delayed by the Steamer and Flat having both got aground on a sand bank to the southward of Monghyr.—*Hurk.*

### *The Dhurma Subha.*

We are glad to learn that the Dhurma Subha is about to enter upon a course of action, more calculated to benefit the country, and to reflect credit on its members, than the plan now pursued. In a report of the proceedings of this Society recently published in the Chundrika, during a twelvemonth, we could not see that any thing had been done beyond persecuting a few mendicant bramhuns for having accepted of gifts at the hand of those with whom the Subha was displeased. A Society that includes all the wealthy and learned among the orthodox in Calcutta, ought to be engaged in something of a more dignified character. We learn that through the influence chiefly of Dewan Ramkomul Sein, the attention of the Society is in future to be directed to higher objects. The following account of the proceedings of the last meeting we copy from the Courier:—

At the first Meeting of the year which took place yesterday evening, Raja Kalee Krishna Bahadoor was elected President.

The Secretary referred to the last proceedings, and several matters were disposed of according to the Rules of the *Subha.*

Baboo Ramkomul Sein laid before the Meeting an extract of a letter from Professor H. H. Wilson to his address, in which the importance was urged of encouraging the Agriculture of India as being the surest source of prosperity to its inhabitants.

The Baboo again moved, that the Proceedings entirely connected with our *religion* or *caste* should not henceforward be published in the *Chundrika,* which instead of seeking to effect good to the people, only creates party feelings amongst us, that in the end will very likely break up the Society—and proposed, that as unanimity would be impossible were every class of people that have access *here,* to discuss political subjects, a branch Society should be immediately formed, where matters affecting the public welfare, such as *Zumeendaree* and *Agricultural* disquisitions, should be treated of, *instead of those limited, dull questions* which now occupy the Society's attention.

The President approved of the proposition, and suggested that there should be a separate place for the Meetings of the branch Society, and some appropriate denomination be given to it, and further that invitations from a select Committee be sent to the Zumeendars, Talookdars, and Puttanee Holders, residing in *Calcutta,* and its vicinity. This proposition was well received, but alas! the Banerjee Secretary raised sundry objections to such an association, founded on apprehensions that a mixture of different classes in it would be productive of evil—which however, not being supported, it was agreed that a special Meeting should be held to consider the expediency of establishing a branch Society for the purpose suggested.

The Meeting dispersed at half-past seven.—*Cour.*

### *Acquittal of Ashootosh Deb.*

We mentioned last week that Baboo Ashootosh Deb had been acquitted in the Supreme Court of the charge of perjury brought against him, and that the charge against his brother Promothonath Deb had been abandoned. As many of our readers may be anxious to learn the particulars of the trial, we have transferred an account of it from the Chundrika to our columns. The Baboo's innocence appeared so clear to the Jury, even from the case made out by the accuser, that they acquitted him without hearing the defence.

### *Gooroo Worship at Bombay at the expense of Government.*

The following letter has appeared in the Bombay Durpun. It shews in the first place that the Government are now paying 300 Rs. annually for the worship of Gooroos; and in the next place that this application of public funds is not so gratifying to the Natives as Europeans generally suppose.

POONA COLLEGE.

*To the Editor of the Bombay Durpun.*

That philanthropic and merciful Governor Mr. Elphinstone, established the Poona Hindoo College in the Vishrambaug Palace, with a view to prevent the decline of the Hindoo literature, and

দর্থ পুণ্যনগরে বিষ্ণুরাজবাটীতে এক বিদ্যালয় স্থাপন করিয়া শিক্ষক ও ছাত্রেরদের মাসিক ১৪৭৫ টাকা স্থির করিলেন এতদতিরিক্ত প্রতিবৎসরে গণেশচতুর্থী ও দেবালি উৎসব সময়ে গুরুপূজার্থ বার্ষিক ৩০০ টাকা দেন। ইহাতে গবর্ণমেণ্টের দয়ালুতা ও বিদ্যাবর্দ্ধনে অনুরক্ততা স্পষ্ট দৃষ্ট হইতেছে। এবং এতদ্দেশীয় অনেক ছাত্র ঐ কালেজে বিদ্যাতে সুশিক্ষিত হইয়া স্বং বিদ্যানুসারে উচিত পুরস্কার প্রাপ্ত হইয়াছেন। কিয়ৎকাল হইল ঐ বিদ্যালয়ের কতিপয় ছাত্র কৃতবিদ্য হইয়াও রীতিমত পুরস্কার না পাওয়াতে তাঁহারা ভগ্নাশ হইয়াছেন। ইহার কারণ কেবল গবর্ণমেণ্টের পরিমিত ব্যয় স্বভাব কিন্তু যেমন সম্পূর্ণ বোঝাই করা শকটে এক টুকি টুকরী অর্পণেতে ভার বোধ হয় না তদ্রূপ এই বার্ষিক ৩০০ টাকা দানেতেও গবর্ণমেণ্টের ভার হইতে পারে না সে যা হউক। এইক্ষণে যে টাকা প্রতি বৎসরে গুরুপূজা ও গণেশচতুর্থী ও দেবালি উৎসবে খরচ করা যাইতেছে তাহার পরিবর্ত্তে ঐ টাকা বার্ষিক পরীক্ষোত্তীর্ণ বিদ্বান্ ছাত্রেরদিগকে দেওয়া যাউক উৎসবের ব্যয়অপেক্ষা এতদ্রূপ ব্যয় অতি ভদ্র বোধ হয় অতএব এতদ্বিষয়ে গবর্ণমেণ্ট আশু মনোযোগ করুন।

---

### আফীন রফ্তানীর বৃদ্ধি।

গত বৎসরে ভারতবর্ষহইতে চীন দেশে ও পূর্ব্ব অঞ্চলে আফীন যত রফ্তু হয় তদ্রূপ পূর্ব্বে কখন হয় নাই। ১৮২৭।২৮ সালে যত আফীন রফ্তানী হয় তাহার সংখ্যা ৯৫০০ সিন্দুক মাত্র কিন্তু ১৮৩৪।৩৫ সালে অত্যাশ্চর্য্যরূপ বৃদ্ধি হইয়া ২০,০০০ সিন্দুক পর্য্যন্ত রফ্তু হইল। কিন্তু গত আট বৎসরাবধি আফীনের মূল্য এত ন্যূন হইয়াছে যে পূর্ব্বোক্ত নয় হাজার সিন্দুক ২ কোটি ১০ লক্ষ টাকাতে বিক্রয় হয়। শেষোক্ত বিশ হাজার সিন্দুক কেবল ২ কোটি ৩৮ লক্ষ টাকাতে বিক্রয় হয়।

এই বৎসরে আফীন রফ্তানী পূর্ব্বকার সকল বৎসরাপেক্ষা অধিক হইবে বোধ হইতেছে বর্ত্তমান বৎসরে ২৫ হাজার সিন্দুকের ন্যূন রফ্তানী হইবে না সুতরাং মূল্য আরো ন্যূন হইবে।

---

### আরাকানপ্রভৃতি দেশে উৎপাত।

গত সপ্তাহে আমরা লিখিয়াছিলাম যে এই সাম্রাজ্যের মধ্যে তিন স্থানে উৎপাত হইতেছে।

তন্মধ্যে আরাকানহইতে এই সম্বাদ শ্রুত হওয়া গেল যে তত্রত্য অত্যাচার প্রায় নিবৃত্ত হইয়াছে। রাজবিদ্রোহকেরদের ক্ষুদ্রং দল এইক্ষণে কেবল ইতস্ততো ভ্রমণকরত দুর্ব্বল ব্যক্তিরদের প্রতি দৌরাত্ম্য করিতেছে কিন্তু ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের সমক্ষে কিছু করিতে পারে না ইহাতে ভরসা হয় যে অতিশীঘ্র শান্তিসম্ভাবনা। ঐ অঞ্চলের বলবান পর্ব্বতীয় জাতীয়েরা ইঙ্গলণ্ডীয়েরদের সঙ্গে এক সন্ধিপত্র করিয়া বিদ্রোহক আরাকানীয়েরদের দমনার্থ ইঙ্গলণ্ডীয় সেনাপতির অধীনে আপনারদের সৈন্য প্রেরণ করিয়াছে ঐ পর্ব্বতীয় লোক সংখ্যা আরাকানদেশীয়েরদের তুল্য।

ঝিন দেশের আর কোন নূতন সম্বাদ প্রাপ্তি হয় নাই কেবল এইমাত্র অবগত হওয়া গেল যে ঐ দেশ ইঙ্গলণ্ডীয়েরা হ

promote its cultivation in the same degree as in the time of the Peshwas. Suitable allowances were made to the tutors and pupils, the monthly expenditure being nearly 1475 Rs. besides which upwards of 300 Rupees are annually allowed for "Gooroo Puja" or the worship of Tutors, the holiday of Gunesh Chuttoorthee and Dewallee. This indicates mercy and love of learning among which distinguishes our Government. Many have gone through the College education up to this time, and have received suitable rewards according to their merit. A short time ago, however, some pupils who left the College did not receive any renumeration as usual, which was a cause of great disappointment to students. There can be no other reason for this than economy, but the expense in question could be no more to the British Government than a wicker basket to a laden cart. Let this be; yet the expense annually incurred for "Tutor worship," and the Holidays of Gunesh Chuttoorthee and Dewallee, is enough for granting rewards to the successful students as usual. The expense now incurred for Holidays had better be appropriated in this way. We trust the Government will carry this suggestion into effect.

*A Lover of Learning.*

---

### *Increase in the exportation of Opium.*

The increase in the exportation of opium from India to China and the countries to the East, during the last eight years is beyond all example. In the year 1827-1828, the quantity exported was about *nine thousand five hundred* chests; in the year 1834-35 it had increased to the amazing quantity of *twenty thousand* chests. But, the price has fallen so much within these eight years, that while the nine thousand chests sold for about two crores and ten lakhs of Rupees, the twenty thousand chests sold for no more than two crores and thirty-eight lakhs of Rupees.

The exportation this year is likely to exceed that of any former year. We think it will not fall far short of twenty-five thousand chests. Prices will of course again fall.

---

### *Disturbances in Arracan.*

We stated last week that at the present moment there existed disturbances in three different parts of the empire. In *Arracan*, we now learn, that the rebellion is nearly subdued. There are still straggling parties of the insurgents, moving about and plundering the defenceless; but they can make no head against the British troops, and it is expected that the country will be speedily settled. A tribe of hardy mountaineers, whose numbers exceed that of all the rest of Arracan, have made a treaty with the British Government, and sent their troops with the British officers to quell the insurgent Arracanese.

From the *Jheend* territory no farther information has been received; except that the other protected Sheik states

স্তগত করাতে ইঙ্গলণ্ডীয়েরদের আশ্রিত অন্যান্য শীক অধ্যক্ষেরা অত্যন্ত বিরক্ত হইয়াছেন। আরো কথিত হইয়াছে যে রণজিৎ সিংহও স্বীয় রাজবংশ্যেরদের সঙ্গে কুটুম্বতা আছে বলিয়া তদ্বিষয়ে ইঙ্গলণ্ডীয়েরদের নিকটে অতিশক্ত চিঠী লিখিয়াছেন।

গুমসরহইতে আগত সম্বাদ অতিখেদজনক। দশম রেজিমেণ্ট সৈন্যেরা অকর্ম্মণ্য হইয়াছে এবংসেনাপতি সিপাহীরাস্বাস্থ্য প্রাপণার্থ শিবিরের পশ্চাদ্‌ভাগে অবস্থান করিতেছেন। কথিত আছে ইউরোপীয় দুই জন সেনাপতির লোকান্তর হইয়াছে ও ন্যূনাধিক সহস্র সৈন্য পীড়িত আছে অতএব উপস্থিত সংগ্রামের যদি শীঘ্র শেষ না হয় তবে আরো সৈন্যের আবশ্যক হইবে।

---

### রাঙ্গুণ।

রাঙ্গুণে ইঙ্গলণ্ডীয়েরদের বাণিজ্যের অনিশ্চিত অবস্থার বিষয়ে সংপ্রতি বাণিজ্য কুঠীপতিরা গবর্ণমেণ্টে যে দরখাস্ত দেন তাহাতে এই নিবেদন করেন যে কন্সল অথবা কন্সলী ক্ষমতাবিশিষ্ট আসিষ্টাণ্ট রেসিডেণ্ট এক জন সাহেবকে রাঙ্গুণে নিয়োগ করেন। সংপ্রতি ঐ দরখাস্ত গবর্ণমেণ্ট গ্রাহ্য করিয়া আবার রেসিডেণ্ট সাহেবকে জিজ্ঞাসা করিয়াছেন যে ইহাতে আপনকার কোন আপত্তি আছে কি না।

---

### নওয়াব সমসুদ্দীনের সম্পত্তি।

সংপ্রতি দিল্লীতে যে নওয়াব সমসুদ্দীনের ফাঁসি হইয়াছে তাঁহার তাবৎ সম্পত্তি অগৌণেই নীলাম হইবে। ঐ সম্পত্তির অন্তঃপাতি পাঁচ শতেরো অধিক অশ্ব তন্মধ্যে অধিকাংশ বহুমূল্য আছে। ঐ সম্পত্তির এক ফর্দ্দ নীচে লেখা যাইতেছে।

ঐ অঞ্চলের মধ্যে সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট অতিসুশোভক অথচ শিকারী ও সওয়ারী ও যোদ্ধা হস্তী ১২।

আরবীয় ও কাতিয়ার ও পারসীয় খাস কুলীন ঘোটক ন্যূনাধিক ৭০।

অতিবলবান ও কর্ম্মণ্য রেশালা ঘোটক প্রায় ৩০০ তন্মধ্যে অধিকাংশ কুলীন।

রেশালা কুলীন ঘোটকী ১৪।

অতিসুশিক্ষিত কারেজ বা বগীবাহক ঘোটকী ৭।

অত্যুৎকৃষ্ট ঘোটকী ৯ যোড়া একহারা বা দোহারা সাজ দিলে অতিসুচারুরূপে চলে।

পালবর্দ্ধিনী ঘোটকী ৫০।

বৎস ঘোটকী ১২ তন্মধ্যে কুলীনা ৯।

সুন্দর বৎস ২।

কর্ম্মণ্য টাটু ৬।

খচ্চর ২।

শকটবাহক উষ্ট্র ১০৫।

উষ্ট্রবিশেষ ১৮।

সবৎসা নাগরী গাবী ১৬।

অবৎসা গাবী ১৩।

বকনা ১০।

বাছের বাছ দুগ্ধবতী গাবী ১১০।

এক বর্ষীয় বা দ্বিবর্ষীয় বলদ ৫।

শকটাকর্ষক বলদ ১৭২।

অতিসুদৃশ্য অথচ রথাকর্ষক বলদ ১১ যোড়া।

পকাল বলদ ১২।

উদ্যানের কর্ম্মণ্য বলদ ৪।

অব্যবহার্য্য অল্পবয়স্ক বলদ ৬৫।

নাগরীয় বলদ ২।

এতদ্দেশীয় বলদ ৪।

বৃহৎ নীল গাবী ৫।

দুগ্ধবতী মহিষী ১৫।

মহিষ ৪।

ছাগল ৯০।

have taken offence at the occupation of this country by the English; and that Runjeet Sing who claims some affinity with the Jheend family has determined to remonstrate with the English on the subject.

The accounts from Goomsur continue to be gloomy. The 10th Regiment is completely *hors de combat*, and has occupied the posts in the rear, to enable the men and officers to recruit. Two deaths are mentioned as having occurred among the European officers; and the force has upwards of 1000 sick. Should the service not be brought to a speedy termination, more troops will be absolutely requisite.

---

### *Rangoon.*

The Chamber of Commerce lately made a representation to Government on the precarious position of the British trade at Rangoon, soliciting the appointment of a Consul or Assistant Resident at Rangoon with Consular powers. The propositon was favourably received, and a reference has been made to the Resident at Ava to ascertain if any objection will be raised to such an appointment.—*Beng. Her.*

---

### *Property of the Nawaub Shumsooddeen.*

The property of the Nawaub Shumsooddeen, who was recently hung at Delhi, is to be brought without delay to the hammer. Among his property we perceive more than 500 horses, many of them most valuable cattle. The following is a list of the property:—

12 Splendid Hunting, Riding, and Fighting Elephants, the best in this part of the country.

Upwards of 70 of the best bred Arab, Katteewar and Persian *Khas* Horses.

About 300 Rissalah Horses, all strong and serviceable animals, and most of them well bred.

14 well-bred Rissalah Mares.

7 well broken and bred Carriage or Buggy Mares.

9 pairs of very superior Mares—are well matched and go remarkably well in single and double harness.

50 Brood Blood Mares.

12 Fillies, 9 of which are of a good breed.

2 handsome Colts.

6 Serviceable Tattoos.

2 Mules.

105 Carriage Camels.

18 Dromedaries.

16 Nagoree Cows, with calves.

13 ditto ditto without ditto.

10 Heifers.

110 Picked Milk Cows.

5 one and two years old Bullocks.

172 Draft Bullocks.

11 pairs of very handsome and large Ruth Bullocks.

12 Puckal Bullocks.

4 Garden ditto.

65 young unbroke ditto.

2 Nagoree and 4 Country Bulls.

5 Large Neil-Guys.

15 Milk Buffaloes.

4 Male ditto.

90 Goats.

সুস্বরভাষি সুদৃশ্য পক্ষী ৭৪।
যুদ্ধশীল কুক্কুট ও কুক্কুটী ১৫০।
সুচারু কপোত ৩৭৫।
অতিবৃহৎ ভয়ানক ব্যাঘ্র ১ যোড়া।
অতিসুশিক্ষিত শিকারী কুক্কুর ৩২।

---

কাশ্মীর।

বর্ত্তমান বৎসরের মধ্যে শ্রীযুত বারণ হোগল সাহেব কাশ্মীরের যে উপত্যকা ভূমি দৃষ্টি করিয়াছেন তদ্বিষয়ক বিবরণ আসিয়াটিক সোসৈটির মাসিক গ্রন্থে প্রকাশ হইয়াছে। তাহাহইতে নীচে লিখিত বিবরণ গ্রহণপূর্ব্বক আমরা অর্পণ করিলাম। চারি বৎসরপূর্ব্বে কাশ্মীর দেশে ৮ লক্ষ লোকের বসতি ছিল ইদানীং ২ লক্ষ লোকের অধিক নাই। নিজ কাশ্মীরে এখনো৪০০০০লোক আছে। অতএব ঐ দেশের চতুর্থাংশ লোক লোকান্তরেতে ও স্থানভ্রষ্টহওনেতে যে ন্যূন হইয়াছে তাহা শীক অধ্যক্ষেরদের কদর্য্য শাসনে হয় নাই কিন্তু ঐ দেশে ধান্য ফুলনসময়েই তুষারপ্রযুক্ত বিনষ্টহওয়াতে দুর্ভিক্ষ হয় তদনন্তরেই ওলাউঠার প্রাদুর্ভাব গত বৎসরে প্রায় কিছুই রাজস্ব উৎপন্ন হয় নাই। যদ্যপি রণজিৎ সিংহের মানস যে ঐ দেশ পুনর্ব্বার সমৃদ্ধ হয় তথাপি এই বৎসরে তদ্দেশাধ্যক্ষ মোহন সিংহের স্থানে ২৩ লক্ষ টাকা দাওয়া করিয়াছেন। কিন্তু ঐ টাকা কদাচ আদায় হইতে পারে না। দুর্ভিক্ষপ্রযুক্ত দেশ পরিত্যাগ করিয়া শাল প্রস্তুতকারি অনেক শিল্পিলোক হিন্দুস্থানে আসিয়াছে অতএব বোধ হইতেছে যে পূর্ব্বে কাশ্মীরে যত শাল উৎপন্ন হইত তত আর কদাচ হইবে না। নরপুর ও লুধিয়ানা ও অন্যান্য স্থানে ভক্ষ্যভোজ্যের সমূল্যতাপ্রযুক্ত কাশ্মীরঅপেক্ষা অল্প খরচে শাল উৎপাদিত হইতে পারে। কাশ্মীরে প্রায় পঞ্চবিংশ সহস্র ব্রাহ্মণ তদ্ব্যতিরেকে অপর কোন হিন্দুজাতীয় নাই তাঁহারা প্রায় বৈষ্ণব ও শৈব এবং তিন শ্রেণীতে বিভক্ত অথচ পরস্পর কন্যার আদান প্রদান চলে। ঐ স্থানে অদ্যাপি বৌদ্ধের অনেক মন্দির দৃষ্ট হয় এবং মৃত্তিকা খননেতে বৌদ্ধ রাজার অনেক মুদ্রাও প্রাপ্তি হইয়াছে।

---

সুইণ্টননামক বাষ্পীয় জাহাজ।

মাথাভাঙ্গা নদীতে প্রচুর জলাভাবপ্রযুক্ত জর্জ সুইণ্টননামক বাষ্পীয় জাহাজের ফিরে আসিতে হইয়াছে। ঐ জাহাজ বহরমপুরের নিকট কএক ক্রোশপর্য্যন্ত পঁহুছিয়াছিল কিন্তু প্রত্যাগত হইয়া সুন্দরবনের পথদিয়া পুনর্গমন করিয়াছে ঐ জাহাজ ১৪ তারিখে পূর্ব্বাহ্নে প্রথম বার কলিকাতাহইতে প্রস্থিত হইয়া বুধবার অপরাহ্নে ফিরে পুনশ্চ কল্য সুন্দরবনদিয়া গমন করিয়াছেন।

---

আলাহাবাদ।

বায়ীজা বায়ী ও তাঁহার অনুগামি ব্যক্তিরদের বিষয়ে আলাহাবাদের শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ সাহেব আজ্ঞা করিয়াছেন যে তাঁহারা দেওয়ানী ও ফৌজদারী আদালতের আজ্ঞাধীন থাকিবেন।

---

লক্ষ্মণৌ।

লক্ষ্মণৌর শ্রীযুক্ত বাদশাহ দিল্লীর শ্রীযুক্ত বাদশাহের নিকটে এই লিখিয়াছেন যে আপনি যদি আমাকে রাজা স্বরূপ স্বীকার করেন তবে আমি বার্ষিক ৩ লক্ষ টাকা ও আপনকারদের নানা উৎসব সময়ে বহুবিধ উপঢৌকনাদি প্রদান করিতে স্বীকৃত আছি। বোধ হয় যে এ বিষয় আশ্চর্য্য বটে ইহাঅপেক্ষাও আশ্চর্য্য এই যে দিল্লীর বাদশাহ তাহা স্বীকার করেন নাই। যদ্যপি এমত পাগলামির কথোপকথনই হইয়া থাকে তবে তাহাতে ব্রিটিস গবর্ণমেণ্টের হস্তক্ষেপ করা উচিত।

74 Singing and Fancy Birds.
150 Game Cocks and Hens.
375 Fancy Pigeons.
A pair of very large Royal Tigers.
32 Highly-bred sporting Dogs.

---

*Cashmere.*

An account of a visit to the valley of Cashmere during the present year by the Baron Hugel has been published in the Journals of the Asiatic Society, from which we extract the following interesting particulars. Four years ago the population of the valley of Cashmere was 8,00,000, it does not now exceed 2,00,000. The town of Cashmere still contains 40,000 inhabitants. It was not the bad administration of the Sheikhs, but a famine brought on by frost at the time the rice was in flower, and the Cholera which succeeded it, that reduced the population one-fourth by death and emigration. The revenue last year was little or nothing. Runjeet Sing wishing that the country should recover, this year asks, *twenty-three* lakhs from the Governor Mohan Sing which the country cannot pay. The emigration has brought to Hindoosthan many shawl manufacturers, and Cashmere will probably never yield what it did before. Nurpur, Loodiana, and other places can now manufacture shawls cheaper than Cashmere, owing to the cheapness of food.—Bramhuns are the only Hindoos in the valley, and their number is about 25,000. They are Vishnuvees and Shivus, divided into three classes, who all intermarry.—Many Boudhist temples are still to be seen, and many coins have been dug up belonging to the Boudhist kings of Cashmere.

---

*Swinton Steamer.*

The *George Swinton*, river steamer has been obliged to put back for want of sufficient water in the Matabhanga; she had reached within a few miles of Berhampore, but was obliged to put back and has now gone viâ the Soonderbuns; she left Calcutta the first time on the morning of the 14th, returned on Wednesday evening, and sailed again yesterday morning viâ the Soonderbuns.—*Hurk.*

---

*Allahabad.*

The Baiza Bai and her followers have been declared amenable by the Lieutenant Governor to the ordinary Civil and Criminal Courts in these provinces.

---

*Lucknow.*

His Majesty has made some very tempting overtures to the King of Delhi offering a yearly sum of three lakhs of Rupees, handsome presents on all great festivals, &c. &c. in consideration of being acknowledged a King. This may appear strange, but is nothing to the conduct of His Delhi Majesty who has refused the proposal! If it be true that such an absurd negotiation is on foot the British Government should interfere.

জয়পুর।

কিয়ৎকাল পূর্ব্বে এমত জনশ্রুতি হইয়াছিল জয়পুরের শ্রীমতী রাণী শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের নিকটে লিপির দ্বারা এই প্রস্তাব করেন যে জয়পুর রাজ্যের সরকার আসল ও সুদসুদ্ধা ব্রিটিস গবর্ণমেণ্টের যে ৩৩ লক্ষ ধারেন তাহার সুদ ত্যাগ করিয়া অর্দ্ধেক তিন বৎসরে কিস্তিবন্দি করিয়া ফারখৎ দেন তাহাতে ব্রিটিস গবর্ণমেণ্ট তদপেক্ষা অধিক প্রাপ্তি অসম্ভাবনা বোধে ঐ প্রস্তাবেই স্বীকৃত হইয়াছেন। মোহন লাল লেখেন যে শ্রীমতী রাণী ইহাতে অত্যনুতাপিতা হইয়া কহেন যে কেন আমি ইহা অপেক্ষা আরো কম টাকা দেওনের প্রস্তাব করিলাম না তথাপি ইহাতে ব্রিটিস গবর্ণমেণ্টের নিকটে অতিবাধ্যতা স্বীকার করিলাম ও তাঁহারদের আশ্চর্য্য বদান্যতা বোধ করিলাম।

---

রণজিৎ সিংহ।

অবগত হওয়া গেল যে শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহ ব্রিটিস গবর্ণমেণ্টের আদর্শদৃষ্টে মুদ্রার পরিবর্ত্তনকরণার্থ উদ্যোগ করিতেছেন। তিনি সংপ্রতি এক নূতন মুদ্রা প্রস্তুত করিয়াছেন তাহার এক পৃষ্ঠে স্বীয় আকৃতি পৃষ্ঠান্তরে তাঁহারদের মত সংস্থাপক বাবা নানকের প্রতিমূর্ত্তি আছে তাঁহারা ঐ নানককেই ঈশ্বরস্বরূপ করিয়া মানেন। এবং মহারাজ তথায় এমত ইশতেহার ঘোষণা করিয়াছেন যে অমুক তারিখের পর স্বীয় রাজ্যে এই মুদ্রাব্যতিরেকে অন্য কোনপ্রকার মুদ্রা চলিবে না।

কথিত আছে যে ঝিন রাজ্য হস্তগতকরণ বিষয়ে শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহ ব্রিটিস গবর্ণমেণ্টের নিকট অতিশক্ত দরখাস্ত করিতে প্রস্তুত আছেন তাহাতে তাবৎ স্বাধীন রাজারা বোধ করেন যে ঐ দেশ অধিকারার্থ পুনরাক্রমণের আরম্ভ হইল।

---

বোম্বাইতে দস্যুধৃতকরণ।

বোম্বাইর গবর্ণমেণ্ট এমত অবগত হইলেন যে বাদশাহের বিংশ রেজিমেণ্টের শ্রীযুত লেপ্তেনন্ত জেনরল সাহেব শোলাপুরের কালেক্টরের এলাকার মধ্যে ওয়ার্সনা গ্রামে পঁহুছিয়া শুনিলেন যে তাহার পূর্ব্ব দিনে দলবদ্ধরূপে এক ডাকাইতী হয় ঐ ডাকাইতী হওনসময়েই তিনি দস্যুরদের পশ্চাৎ২ গিয়া ২০ জনকে ধরিলেন। অতএব শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল হজুর কৌন্সেলে সকলকে জ্ঞাপন করিতেছেন যে ঐ দারুণ সময়ে যে শ্রীযুত সেনাপতি সাহেব অত্যন্ত সাহসিক ও উপকার্য্য কার্য্য করিলেন তাহাতে শ্রীযুক্ত অতিসন্তুষ্ট হইয়াছেন।

---

শ্রীযুত বাবু কাশীপ্রসাদ ঘোষের পত্র দ্বারা আমরা জানিলাম শ্রীযুত ডাক্তর উইলসন সাহেবকে বেস ও এড্রেস দেওনকালীন চাঁদার দ্বারা যে টাকা সংগ্রহ করা যায় ব্যয় হইয়া তাহার ১৫৭ টাকা অবশিষ্ট ছিল। এইক্ষণে চাঁদায় স্বাক্ষরকারিরদের অধিক ব্যক্তির মত লইয়া ঐ টাকা দিস্ত্রিক্ত চারিটেবল সোসৈটিকে দিবেন কিন্তু চাঁদায় স্বাক্ষরকারিরা অনেক দিবস পূর্ব্বে এ বিষয়ে সম্মত হইয়াছিলেন তবে টাকা দেওয়াতে কেন বিলম্ব হইয়াছে তাহা জানি না।—জ্ঞানান্বেষণ।

---

পাঠকবর্গের স্মরণ থাকিতে পারে কিছুকাল পূর্ব্বে একবার হরিনাভিতে ডাকাইতী ও বলাৎকার হইয়াছিল এবং ঐ বিষয়ে জজ মাজিস্ত্রেট সাহেবেরা মনোযোগ করিবেন এই প্রত্যাশাতে তথাকার

*Jeypore.*

It was some time ago reported that the Ranee had addressed a communication to the Governor General in Council, containing a proposal to compound for a debt due by Jeypore of thirty-three lakhs, principal and interest, by a payment of fifty per cent. on the whole, within three years, minus interest. The compromise has just been accepted by our Government, in gracious consideration of the total impossibility of procuring more favourable terms, and their liberal conduct, as Mohun Lall says, has awakened feelings of strong disappointment in the Ranee, is grieved at not having offered a still smaller sum; she however, expresses her thanks and surprise at the generosity of the Company. —*Agra Ukh. 16th April.*

---

*Runjeet Singh.*

We hear, that Runjeet, in imitation of our Government, is about to effect a reform in the coin. A new coin has been struck off, having on one side an effigy of Runjeet, and on the other an image of the founder of their sect, Baba Nanuk, whom they worship as a god. The Muharaja has issued a proclamation, that after a certain date, no other coin but this shall pass current throughout his territories.

It is said, that Runjeet Sing is about sending down a forcible appeal to Government, against the assumption of Jheend; which is looked upon, by all the independent States, as the forerunner of farther aggression.—*Delhi Gaz.*

---

*Apprehension of a gang of Robbers.*

It having been brought to the notice of Government that Lieutenant F. Janvrin of His Majesty's 20th Regiment, having casually arrived at the village of Warsanah in the Sub-Collector of Sholapore, the day after a daring gang robbery had been committed there, went in pursuit of the gang, and succeeded in capturing twenty of their number, the Right Honourable the Governor in Council has much pleasure in expressing his high approbation of the meritorious conduct of that officer on that occasion.—*Bomb. Durp.*

---

We have been informed by a letter from Baboo Kasheeprisaud Ghose that the surplus sum of Sa. Rs. 157 which remained on hand after paying off the expence incurred in getting up the Vase and address, for presentation to Mr. H. H. Wilson, who was the visitor of the Hindoo College, is to be made over to the District Charitable Society by the consent of a majority of subscribers. We know not why this business has been postponed for years, for the votes were given a long while ago and nothing remained after that to justify this delay.—*Gyan.*

---

Our readers will recollect that some time before a case of robbery attended with violation took place in Hurinabhee; it was published in the papers that notice might be taken of it by the authorities, but we now learn with extreme regret that no such

লোকেরা সমাচারপত্রেতেও তাহা প্রকাশ করিয়াছিলেন কিন্তু জজ মাজিস্ত্রেট সাহেবেরা তৎকালীন তাহা কিছু করেন নাই এবং আমরা আরো খেদপূর্ব্বক প্রকাশ করিতেছি তাঁহারদিগের মনোযোগাভাবে সংপ্রতি তদপেক্ষা ভয়ানক যে এক বিষয় উপস্থিত হইয়াছে আমরা হরকরাহইতে তাহার বিশেষ নীচে প্রকাশ করিলাম।

হরিনাভিহইতে দুই ক্রোশ ব্যবহিত এরাচিগ্রামে ১৬ তারিখ রাত্রিতে গোরাচাঁদনামক বণিকের বাড়ীর মধ্যে এক দল ডাকাইত পড়িয়া তাহার অনেক টাকা অলঙ্কারাদি সম্পত্তি হরণ করিল তাহাতে বণিকের ধনরক্ষক এক জন ভৃত্য প্রতিবাদী হইবাতে তাহাকে সংহার এবং অন্য কএক ব্যক্তিকে আঘাতী করে ঐ দস্যুরা যখন পলায়ন করে তখন গ্রামস্থ দুই লোক বোধ হয় তাহার এক জন চৌকীদার হইবে তাহারা বাধা করিবাতে ঐ দুই ব্যক্তির শরীরে বর্ষার আঘাত করিয়াছে কথিত আছে তাহারদিগের জীবন সংশয় পূর্ব্বে হরিনাভির ব্যাপারে যে দারোগা তদারক করিয়াছিল এরাচি গ্রামের অসৌভাগ্যপ্রযুক্ত ঐ দারোগাই তথায় গিয়াছে এবং এখনপর্য্যন্তও দস্যুরদের কিছু সন্ধান করিতে পারে নাই।—ঐ

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম ।

যতোধর্ম্মস্ততোজয়ঃ।

অত্র প্রমাণ শ্রীযুত বাবু আশুতোষ দেব ও শ্রীযুত বাবু প্রমথনাথ দেব শ্রীযুত বাবু হরলাল ঠাকুরের তালুক আর এক বাগান দুই লক্ষ টাকা পণ বাহাতে খরিদ করেন তাহার খরিদকীপ্রভৃতি কাগজ পত্র যে প্রকার করিয়া লইতে হয় তাহা যথাকর্ত্তব্য করিয়া লন তাহাতে উকীল সাক্ষী এবং রেজেষ্টরীও হয় ঐ দুই লক্ষ টাকা শোধে কেবল মোহর চাহিয়াছিলেন তাহাতে ১১৩৪৭ থান পুরাতন মোহর দর ১৭৷৵০ টাকার হিসাবে ১৯৯৯৯০৸৵০ টাকা আর সিক্কা ৯৶ সর্ব্বসুদ্ধা প্রদান করেন কিন্তু ঐ টাকা দেব বাবুদিগের নিকট আমানত রাখেন তাহার মধ্যে কেবল ৮৫ থান মোহর ও ৯৶০ টাকা গ্রহণ করেন তাহার কারণ শুনা যায় তাঁহার পিতার মহাজনেরদিগের সহিত কোন বন্দোবস্তের পর লইবেন তৎপরে তালুক বিক্রয় হইয়াছে কি না ইহা নিশ্চয়করণ কারণ হরলালের পিতৃঋণদাতা শ্রীযুত বাবু বৈষ্ণবদাস মল্লিকপ্রভৃতি কএক জন দেব বাবুদিগের নামে বিল ফাইল করেন তাহাতে তাঁহারা জওয়াব দেন হরলালের তালুক আমরা খরিদ করিয়াছি এবং তাহা কোর্টে সপ্রমাণও করেন তৎপরে হরলাল দেব বাবুদিগের নিকট অতিকাতর হইয়া কহিলেন আমার তালুক যদি আপনারা আমাকে বিক্রয় করেন তবে আমি বজায় থাকি নচেৎ একেবারে বেওতন হইয়া যাই মহাশয়েরা তালুক ও বাগান দুই লক্ষ টাকায় ক্রয় করিয়াছেন আমাকে কেবল তালুক খানি দুই লক্ষ টাকায় দিলে আমি চরিতার্থ হই দেব বাবুরা অতিদয়ালু দয়ার্দ্র চিত্ত হইয়া ঐ তালুক হরলালের নিকট দুই লক্ষ টাকায় বিক্রয় করিলেন হরলাল কাগজ পত্র হস্তগতকরত বাহ্বাস্ফোটনপূর্ব্বক বাগান খান লইবার নিমিত্ত সুপ্রিম কোর্টে একুটিতে এক বিল ফাইল করেন যে আমি তালুক ও বাগান তাঁহারদিগের নিকট বেনামী করিয়াছিলাম আমার তালুক ফিরে দিয়াছেন বাগান দেন না তাহাতেও দেব বাবুরা জওয়াব দাখিল করেন যে আমরা খরিদ করিয়াছি এই জওয়াব মিথ্যা দাখিল করিয়াছেন বলিয়া হরলাল ঠাকুর গ্রাণ্ডজুরিরদিগের নিকট দুই বাবুর নামে দুই বিল অর্থাৎ অভিযোগ উপস্থিত করেন জুরিরা ফৈরাদীর পক্ষীয় সাক্ষ্য লইয়া বিল ফৌণ্ড অর্থাৎ নালিশ গ্রাহ্য করেন তৎপরে দেব বাবুদিগের নামে গত সেসিয়ানে ইণ্ডাইট হয় সে সময় আশুতোষ বাবু পুত্রের বিবাহ জন্য অত্যন্ত ব্যস্ত ছিলেন একারণ তৎকালে মোকদ্দমার বিচার রহিতহওনের প্রার্থনা করিয়াছিলেন। গত ১৮ আপ্রিল সোমবার ঐ মোকদ্দমার বিচারারম্ভ হয় এমোকদ্দমা পিটী জুরির দ্বারা তজবীজ না হইয়া স্পেসিয়ল অর্থাৎ বিশেষ জুরির দ্বারা বিচার হইয়াছিল ফৈরাদীর পক্ষে কৌন্সেলী শ্রীযুত আডবোকেট জেনরল পিয়র্সন সাহেব ও শ্রীযুত প্রিন্সেপ সাহেব নিযুক্ত ছিলেন আসামী দেব বাবুরদিগের পক্ষে শ্রীযুত টর্টন সাহেব ও শ্রীযুত ক্লার্ক সাহেব ও শ্রীযুত লিথ সাহেব ছিলেন প্রথমতঃ শ্রীযুত প্রিন্সেপ সাহেব মোকদ্দমার ব্যাখ্যা আরম্ভ করেন তৎপরে আডবোকেট জেনরল প্রায় দুই ঘন্টা বক্তৃতা করিলেন তাহাতে মিথ্যা শপথের বিষয়ে যে অভিযোগ হয় তাহাই প্রতিপন্ন করেন তৎপরে ফৈরাদীর সাক্ষিরদিগের জোবানবন্দী আরম্ভ হয় ক্রমে তিন দিন এক পক্ষীয় সাক্ষ্যই লওয়া যায় বুধবারপর্য্যন্ত ঐ মোকদ্দমার বিচার হয় জুরির সাহেবেরা হরলাল ঠাকুর স্বয়ং যে জোবানবন্দী দেন এবং তাঁহার মানিত শ্রীযুত বাবু দ্বারকানাথ ঠাকুর ও শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুত বাবু হরচন্দ্র ঠাকুরপ্রভৃতির জোবানবন্দী দ্বারা বিষয় বিশেষ অবগত হইয়া কহিলেন আসামীদিগের পক্ষের সাক্ষ্য লওনের আবশ্যক করে না আমরা বিবেচনা করিলাম বাবু আশুতোষ দেব নাটগিল্টী এণ্ড এককূইট অর্থাৎ নির্দোষী হইয়া পরিষ্কৃত হইলেন। তৎপরে ফৈরাদীর পক্ষীয় আডবোকেট জেনরল সাহেবের প্রার্থনামতে শ্রীযুত বাবু প্রমনাথ দেবের নামে যে নালিশ হয় তাহার বিচার ঐ দিবস স্থগিত থাকে পর দিন অন্য জুরির দ্বারা বিচার হইল তাহাতেও প্রমথনাথ বাবু ঐ প্রকার নির্দোষী হন। এই স্থূল বৃত্তান্ত আমরা যাহা অবগত হইয়াছিলাম পাঠকবর্গের সুগোচরার্থ প্রকাশ করিলাম এই মোকদ্দমার তাবৎ বৃত্তান্ত তরজমা করিয়া এবং সাক্ষ্যদিগের জোবানবন্দী সমুদয় প্রকাশ করা অতিবাহুল্য ব্যাপার ইহা চন্দ্রিকা পত্রের দ্বারা সম্পন্ন হইতে পারে না একারণ আমরা শ্রীযুত দেব বাবুদিগকে পরামর্শ দিতেছি তাঁহারা এক খানি কেতাব করিয়া বাঙ্গলা ও ইঙ্গরেজী উভয় ভাষায় প্রকাশ করুন তাহার নাম দেউন ট্রাএল অফ আশুতোষ দেব ইহা হইলে সর্ব্বসাধারণে বিশেষ জানিতে পারিবেন যদ্যপিও মোকদ্দমার পূর্ব্বেই প্রায় তাবৎ লোক কহিয়াছিলেন ধার্ম্মিক বাবু অবশ্যই নির্দোষী এবং ইহাঁরা জয়যুক্ত হইবেন কেন না কথিত আছে যতো ধর্ম্মস্ততোজয়ঃ ইহার অন্যথা হয় না তথাচ শত্রুপক্ষীয় লোকেরদিগেরও চৈতন্য জন্য বিশেষ ব্যক্ত করা উচিত এবং এতাদৃশ কুকর্ম্মে অন্য কেহ প্রবৃত্ত না হয়।—চন্দ্রিকা।

## প্রেরিতপত্র ।

দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

আপনি অনুগ্রহপূর্ব্বক এই কএক পঁক্তি সংশোধনপূর্ব্বক দর্পণৈক পার্শ্বে অর্পণ করিয়া বাধিত করিবেন। মাগুরা পরগনায় এরাবী গ্রামে গোরাচাঁদ নামে এক ব্যক্তি তেলি ব্যবসায়ের দ্বারা কিঞ্চিদ্ধনোপার্জন করিয়াছিলেন। গত শনিবারে রাত্রি এগার ঘন্টাসময়ে এক দল দস্যু তাঁহার বাটীতে পড়িয়া তাবৎ সম্পত্তি লুঠিয়া লইয়া গেল। তাহাতে দুই চাকর হত এক জন আঘাতী হয় এবং নিকটবর্ত্তি রাজপুর হরিনাভি গজিপুরপ্রভৃতি গ্রামস্থ লোকেরা অতিভীত হইয়াছে। আমার বোধ হয় যে পরমিট পঞ্চত্বরার দ্বারা অনেক লোকের জীবিকা চলিত তাহা রহিত হওয়াতে অনেক ছোট লোকের কর্ম্ম গিয়াছে এবং মফঃসলের চৌকিদার ও থানাদারের অমনোযোগে দস্যুরদের আক্রমণ ও লুঠ তরাজেতে লোকের ধন প্রাণ যাইতেছে। অতএব এই প্রার্থনা করি যে শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুর চব্বিশ পরগনার মাজিস্ত্রেট সাহেবকে সতর্ক করান যে তিনি লোকের

thing was the case. The consequence of the neglect has been another case of a more tragical nature, the particulars of which we insert below:—

"On the night of the 16th instant, the house of one Gorachund Day, a merchant in the village called Airachee, (within two miles of Hurrinabhee) was entered by a gang of dacoits, who not only carried off the property of the individual consisting of cash, jewels, &c. to a large amount, but killed one of his domestics whilst attempting to defend his master's property, and severely wounded several inmates of the house in the most barbarous manner. Two persons of the village, (we understand one of them to be the chowkeedar) were, in their endeavours to resist the flight of the banditti, run through the body by spears or some such implements, and their lives are despaired of. Unfortunately the same Daroga, who conducted the investigation of the Hurrinabhee case, repaired to the spot, the following day, and has not as yet been successful in apprehending the criminals."—*Gyan.*

## Spirit of the Native Papers.

Baboo Ashootose Deb and Baboo Promothonath Deb purchased a talook and a garden from Baboo Hurrolal Tagore upon a deposit of two lakhs of Rupees. All the papers connected with this transaction were drawn out according to usage and were both witnessed by an Attorney and registered. These two lakhs of Rupees were required to be paid in gold-mohurs, in consequence of which 11,347 old gold-mohurs at the rate of 17 rs. 10 as. a mohur were paid amounting to 199,990 rs. 14 as. and 9 rs. 2 as. were paid in Sicca Rupees. All this money was left in deposit with the Deb Baboo, with the exception of 85 mohurs and 9 rs. 2 as. The reason of this, as we heard, was that he intended to receive the money when he had settled with his father's creditors. To ascertain whether he had actually sold it, Baboo Bustom Dass Mullick, his father's creditor, and others, filed a bill against Ashootose Deb. To which the Deb Baboo replied, that he had bought the talook and he proved the purchase in the Court; upon this Hurolal went in great distress to Ashootose Deb and said, "Unless you resell me the talook I shall be entirely ruined. You have purchased both the talook and the garden for two lakhs of Rupees. Sell me the talook alone for that sum and I shall be satisfied." The Deb Baboos are very merciful and in the compassion of their hearts sold the talook to Hurolal for two lakhs of Rupees. Hurolal having got possession of the papers clapped his hands and filed a bill in equity in the Supreme Court in order to get possession of the garden, in which bill he asserted that he sold the talook and the garden to him under a fictitious name. They have returned me the talook and not the garden. To this the Deb Baboos replied, that they had bought the property. Hurolal immediately brought two bills before the Grand Jury against the two Baboos charging them with having given in a false reply. The Grand Jury heard only the plaintiff's evidence and found a true bill. The Deb Baboos were therefore indicted at the last Sessions. At that time Ashootose Deb was very busy with the marriage of his son and prayed that the case might lie over. On Monday, the 18th of April last, the case was brought on not before a petty Jury but before a special Jury. The Counsel for the prosecution were Mr. Pearson, the Advocate General, and Mr. Prinsep. The Counsel for the defendant were Mr. Turton Mr. Clarke, and Mr. Leith. Mr. Prinsep opened the pleadings and was followed by Mr. Pearson, who spoke for two hours in support of the charge of perjury. The witnesses for the prosecution were examined during three whole days, after which the Jury from a perusal of the accusation of the plaintiff and of the evidence of his witnesses Baboo Dwarkanath Tagore, Baboo Prussunno-Coomar Tagore, Baboo Hurrochunder Tagore, and others, without calling for the evidence of the defendants at once acquitted Baboo Ashootose Deb. After this at the request of the Plaintiff's Counsel, the Advocate General, the complaint against Baboo Promothonath Deb was postponed to the next day, when it was brought before another jury who at once acquitted him. We have thus published the chief facts which we have learnt upon this subject. To have published all the details and all the evidence was impossible from their magnitude, and they could not at least have been given in the Chundrika. We therefore advise the Baboos to publish the whole case in English and Bengalee, and to call it the Trial of Ashootose Deb. Thus the matter will be made known to all. Although before the trial almost every one said, that the holy Baboos were innocent and would be victorious, for it is said, that victory follows righteousness, yet to put enemies upon their guard and to deter others from such a course the publication will be highly useful.—*Chundrika.*

## Correspondence.

*To the Editor of the Durpun.*

SIR,—If you will kindly correct these few lines, and publish them in a corner of your Durpun, you will certainly oblige me. In Arachee, one of the districts in Mangoorah Purgunnah, there resides a Forestaller, named Gorachund Talee, who has by business acquired some wealth.—On Saturday last, about 11 o'clock at night, a gang of robbers entered his house and carried off his whole effects leaving two of his servants killed, and one wounded, which has made the inhabitants of the neighbouring villages Rajpore, Horeelaohee, Gojeepore, &c. much terrified. As the pillage and ravages of thieves and murderers, from which the lives and property of the inhabitants were formerly defended, do now, as I think, proceed from the low people's having been thrown out of their employment, by the abolition of the Transit Duties, which were the source of their maintenance, and through the inattention of Mofussil Thannadars and Chowkeedars, I therefore pray the Honourable the Governor General to admonish the Magistrate of the 24-Pergunnahs that

ধন প্রাণ না হারাইয়া সুখে কালযাপন করে এনিমিত্ত চেষ্টা পান।

দর্পণপাঠকানাং।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

সম্পাদক মহাশয় আপনকার পক্ষপাতবিহীন দর্পণে অস্মদাদির নীচের লিখিত কএক পংক্তি প্রকাশপূর্ব্বক ও তদুত্তর প্রদানে চিরবাধিত করিবেন।

আমরা এতদ্দেশীয় প্রজাবর্গ সম্প্রতিকার রাজশাসনে দেশীয় উন্নতিবিষয়ের ক্রমশঃ লাঘবতা দৃষ্টি করিতেছি। কিন্তু পরদেশীয় সম্বাদপত্রসম্পাদক মহাশয়েরা যে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির রেশম ও চিনি ও কাপড় ও সোরা ইত্যাদি যে ব্যবসায় বহুকালাবধি ছিল তাহা বর্ত্তমান শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ডাধিপতিকর্ত্তৃক রহিত হইবাতে এতদ্দেশীয়দিগের প্রতি যে অতিশুভ হইয়াছে কহিয়া থাকেন ইহা আমারদিগের অত্যন্ত ভ্রমজনক হইয়াছে। বিবেচনা করি যে তাহাতে এতদ্দেশীয়েরদের বিশেষ দুঃখজনক এবং ভূম্যাদির উৎপন্ন দ্রব্যের খর্ব্বতা হইতেছে। যদ্যপিও শস্যাদি উৎপন্নপ্রতি কৃষকাদির শ্রমই বিশেষ কারণ কিন্তু অর্থব্যতিরিক্ত তাহা কদাপি সিদ্ধ হইতে পারে না সুতরাং অর্থ ও শ্রম উভয়ই প্রয়োজন হইল। অতএব এই যে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির এতদ্দেশে বাণিজ্যের কুঠী থাকিতে শ্রমিব্যক্তিরা স্ব২ বিদ্যা ও বুদ্ধি ও শ্রমের দ্বারা বিষয় কর্ম্ম করিয়া কালযাপন করিত তাহাতে পতিত ভূম্যাদিতেও দ্রব্যোৎপন্ন করিবার নিমিত্ত চেষ্টিত হইত। এইক্ষণে প্রাচীন হৌস কএকটা এবং কোম্পানি বাহাদুরের বাণিজ্য রহিত হইবাতে এতদ্দেশীয় প্রজাদিগের অন্নাভাব হইয়া অত্যন্ত ক্লেশ পাইতেছে এবং জমিদারের জমিদারী সকল বিক্রয় হইতেছে। সত্য মিথ্যা কালেক্টর সাহেবদিগের রিকার্ড এবং পরমিটের রপ্তানি দ্রব্যাদির কাগজপত্র দৃষ্টি করিলেই বোধ হইবেক যে এতদ্দেশীয় জমিদারী পূর্ব্বাপেক্ষা কত হস্তান্তর হইতেছে এবং এদেশহইতে কত দ্রব্য জাহাজে রপ্তানি হইতেছে। ইহা ভিন্ন সংপ্রতি ১৮১০ সালের ৯ আইনের দ্বারাতে ট্রেন্ জেট ডুটি নিরূপিত ছিল তাহা শ্রীলশ্রীযুক্ত দেশাধিপতির আজ্ঞানুসারে রহিত হইবাতে দেশের কুশল জ্ঞান করিয়া রাজাকে আপনারা ধন্যবাদ দিতেছেন ইহাতে আমারদের তদ্বিপরীত বোধ হইতেছে। যেহেতুক ঐ মাসুল উঠিবাতে রাজকর ত্রিশ লক্ষ টাকা ক্ষতি হইতেছে এবং এতদ্দেশীয় ২৭০০ ব্যক্তি কর্ম্মচ্যুত হইয়াছেন। তাহাতে ঐ কর জাহাজি আমদানি ও রপ্তানি দ্রব্যাদির অধিক মাসুল করিয়া পূর্ণ হয় এমত এক নব নিয়ম সৃজনার্থ চেম্বর অফ কমর্সের মেম্বরদিগের প্রতি অর্পিত হইয়াছে। শ্রুত হইলাম তাহা এই যে জাহাজে আমদানি ও রপ্তানি দ্রব্যাদির প্রতি পূর্ব্বাপেক্ষা অধিক মাসুল নিরূপিত করিয়া তদ্দ্বারা যাহাতে রাজকর আকর্ষণ হয় তাহা করিবেন। সম্পাদক মহাশয় বিবেচনা করিবেন যে রাজকর কোনক্রমে ন্যূন করিবেন না কেবল এতদ্দেশীয় যে সকল লোক ঐ সকল কর্ম্ম নির্ব্বাহ করিয়া কালযাপন করিত তাহারাই অন্নাভাবে মারা পড়িবেক ইহাতে আমারদের দেশের উপকার কিছু বুঝিতে পারি না। আর ঐ যে কর এইক্ষণে ঐ নব নিয়মের দ্বারা আকর্ষণ করিবেন তাহা কদাপি হইবেক না কেবল রাজকর চৌর্য্য ব্যবসায়িদিগেরই প্রতি অতিসুনিয়ম হইতেছে তাহা মহাশয় মাসেক দ্বি মাস পরেই দৃষ্টি করিবেন তদ্বিষয়ে আমারদিগের অধিক লিখিবার প্রয়োজন রাখে না কিন্তু অস্মদ্দেশীয় অতিসাহসহীন প্রজালোক বিদেশীয় যেকএক ব্যক্তি চেম্বর অফ কমর্সের ব্যবসায়ি মেম্বর তাঁহারদিগেরই নিয়মাধীন হইয়াছেন। যাহা হউক মহাশয় অনুগ্রহ করিয়া যদ্যপি এতদ্বিষয়ে কিঞ্চিৎ স্বীয়াভিপ্রায় প্রকাশ করেন তবে চিরবাধিত করিবেন অলমতি বিস্তরেণ।

বঙ্গদেশীয় কতিপয় প্রজায়াঃ।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

সুপ্রিম কোর্টের জুরিসডিক্সিয়ান সহরের চতুঃসীমা বাহিরে বিস্তারের উদ্যোগে অনেকে এইক্ষণে প্রবর্ত্ত। এবং দীর্ঘকাল গত ইহার সূত্র একবার উত্থাপন হওয়াতে অনেক ভদ্রলোক প্রজা বাধিত হইয়া রাজার গোচরকরণে স্থগিত হইয়াছিল রাজার যদি তাহা স্মরণ না থাকে এ নিবেদনপত্রীর নিবেদিত মর্ম্ম যদি দর্পণকারক প্রকাশ করেন অত্যুপকৃত হইব। সুপ্রিম কোর্টের বিচার অতিউত্তম কিন্তু দোষ অস্মদ বুদ্ধিতে যাহা আইল নিবেদিতেছি আদৌ ঐ কোর্টের অধিকার বিস্তার হইলে টাক্সের শঙ্কা সম্ভাবিত প্রজা গণ যে অবস্থায় এইক্ষণে স্থিত তাহাতে টাক্স দিতে হইলে কেবল দায়গ্রস্ত হইবে।

দ্বিতীয়তঃ সুপ্রিম কোর্টের আইন এমত গুপ্ত যে তাহার মর্ম্ম অদ্যাবধি কলিকাতাস্থ প্রায় সকলেই অবিজ্ঞ।

তৃতীয়তঃ। টর্ণী অর্থাৎ উকীল মহাশয়েরা যেরূপ আকর্ষক ইহাতে ব্যয়ের সীমা অভাব কেবল ফরীয়াদি ও আসামীর মান ও ধনের ও ধর্ম্মের লাঘবতা অদ্যাবধি ঐ কোর্টে বিনা হলপ অথবা সুকৃতিপত্র কোন বিষয় উপস্থিত করণের অধিকার নাই যে ব্যক্তি হারে মিথ্যা শপথজন্য সুপ্রিম কোর্টের আরম্ভঅবধি এ কালপর্য্যন্ত কোন দণ্ড হয় নাই ইহাও অতিচমৎকার অতএব ঐ আদালতে কেহ গেলে কেবল মান ও ধনের ক্ষতি নহে ধর্ম্মেরও যেরূপ হয় তাহা কোন বিজ্ঞ লোকে না বুঝেন এমত নহে। দেওয়ানী আদালতসংক্রান্তে এ ক্ষতির পরিমাণ অনেক ন্যূন আছে প্রথম সুপ্রিম কোর্টের অধিকার অনেক দূর ব্যাপিয়াছিল। ঢাকা পাটনাপ্রভৃতি বাঙ্গলা সমুদয় দেশ ঐ আদালতের তাবে হয় পরে শ্রীলশ্রীযুত গবর্নর্ কলিকাতার কৌন্সেলে ঐ কোর্টের অধিকার খর্ব্বকরণনিমিত্ত ইঙ্গলণ্ডে লিখিয়া তথাকার অধিপতিরদিগের আজ্ঞাক্রমে ঐ অধিকার ক্ষীণ করিয়াছিলেন ইহার বৃত্তান্ত আপেণ্ডেক্সনামে গ্রন্থে বিস্তারিত লিখিত আছে। ইঙ্গরেজী সন স্মরণ নাই বাঙ্গালা সন ১১৮৩ অবধি ১১৮৬ পর্য্যন্ত গ্রন্থসকলে প্রকাশ আছে ঐ গ্রন্থ অনেক বিজ্ঞবরে জ্ঞাত আমার নিবেদনাধিক যদি পূর্ব্বাপর সকল বৃত্তান্ত অবলোকনপূর্ব্বক প্রজার সুখ দুঃখ বিবরণ বিজ্ঞাত হইয়া রাজা কোন বিধান প্রজার কল্যাণজন্য করেন উত্তম আমি যাহা লিখিলাম ইহাতে অতি সশঙ্কিত কারণ যত ইঙ্গলণ্ডীয় সিবিল ও মিলেটরী ও বাণিজ্যকারি সাহেবলোক ভারতবর্ষে আছেন প্রায় সকলেরি জ্ঞাতি ঐ আদালতের কর্ম্মে নিবিষ্ট তাঁহারদিগের লাভের ব্যাঘাতক কথা কি ক্রমে প্রিয় হইতে পারে। মহাশয়কে জানি অতিপক্ষপাতহীন বিধায় নিবেদিলাম যদি মহাশয়ের এ সম্পর্কে সরলতা দর্পণদ্বারা দেখিতে পাই তবে সকল বৃত্তান্ত পশ্চাৎ বিশেষিয়া নিবেদিব ইতি তারিখ ৬ বৈশাখ। সন ১২৪৩ সাল ইং১৭ আপ্রেল ১৮৩৬।

শ্রীশ্রীকাশীকাশ্মীরি গঞ্জ।

শ্রীরামমোহন বিদ্যালঙ্কারস্য।

---

the inhabitants may be kept from present ruin, and live in security.

*Certain Readers of the Durpun.*

---

*To the Editor of the Durpun.*

SIR,—If you will publish the few remarks that follow in your impartial Durpun, and say a few words on the subject in reply, you would confer a lasting favour.

We perceive that the benefits derived by the people of this country from their present Rulers are beginning to diminish. But the Editors of the foreign newspapers dilate on the advantages which will accrue to this country from the abolition of the Honourable Company's trade in silk, sugar, cloth, and saltpetre, which they have for so long a time carried on:—this we cannot at all understand. We apprehend that this will entail great distress on the people, and lessen much the productiveness of the country. Although the fertility of land must particularly depend on the labour of the husbandman, yet without capital this labour cannot be applied—labour and money are both indispensable. When the Factories of the East India Company were in operation, the industrious employed their mental and physical powers to great advantage. They were then anxious to extend and improve the cultivation of the land. But now that the old houses are gone, and the Company's trade abolished, the people being scarcely able to get the means of subsistence, are in great distress, and many Zumeendars are obliged to sell their estates. By examining the Collector's records, and the reports of the exports and imports of the country, it will be seen, that estates are going from hand to hand, and that the exports from the country, are such as were never before known. Besides, the Transit duties established by the 9th Reg. of 1810, have now by our authorities been abolished; and all are praising the author of this measure supposing it to be for the welfare of the country. But we take a different view of the subject; because by the removal of these duties the revenue is reduced three lakhs of Rupees, and 2700 natives of the country are thrown out of employ. We understand that the Chamber of Commerce have had the matter referred to them, and that an increased duty is to be levied on the exports and imports of the country, that this deficiency in the revenue may be by this means made up. Mr. Editor, you are well aware that the revenue cannot be diminished; but that all the people who had employment from the above duties, should be consigned to want and woe, we should think contributes very little to the benefit of the country. Besides what is to be collected by this new means will never be realized; it is only an excellent plan for encouraging persons to defraud the Government. In two or three months this will be evident; why then should I write more? Still our poor chicken-hearted people must submit to the regulations of a Chamber of Commerce, the members of which are foreigners! Be that as it may. If you would kindly say a few words on this subject, we should be greatly obliged.

*Certain Ryots of Bengal.*

---

*To the Editor of the Durpun.*

SIR,—Many seem anxious for the extension of the jurisdiction of the Supreme Court to the suburbs of their city. A considerable time ago this matter was in contemplation; but the Government hearing that many of the respectable inhabitants were averse to it, it was not carried. If this is forgotten, the publication of this letter by you, Mr. Editor, may be of some advantage and will greatly oblige me. The decisions of the Supreme Court are excellent, it is true; but the fault that I have to find with it I will make known. My first remark is this: If the jurisdiction of this Court is extended, taxes will be increased; and the present state of the people is such that if they have to pay more taxes they will only be increasingly distressed.

*Secondly:* The forms and regulations of the Supreme Court are so intricate and concealed, that up to this time scarcely any of the inhabitants of Calcutta can understand them.

*Thirdly:* There is no end to the demands of the Attorneys and Barristers by which the honour, wealth, and religion, both of the plaintiff and defendent, are injured. To this day nothing is done in that Court except on oath, and by written depositions. When a person loses his cause through perjury, from the establishment of the Court up to the present time, no punishment has been awarded to the individual who swore falsely. This appears wonderful: hence if any person goes to that Court, does he not suffer both in his honour, and in his wealth? How it affects his religion, there is no intelligent person who cannot easily understand. The charges in the Dewannee Adawlut are much less than in this Court. First; the Supreme Court is at a great distance. Dacca, Patna and all other parts of Bengal, were formerly under this Court. Afterwards the Governor in Council proposed to the authorities in England that the jurisdiction of the Court should be curtailed, and by their permission its bounderies were abridged. All the particulars will be found in the book called the Appendix; I recollect not the English year, but it was published in all the Books from the Bengalee year 1183 to 1186. These works are well known; why should I say more? If after they have considered all that I have said concerning the happiness and misery of the people, the authorities adopt that which shall be best, well. One thing I fear, lest in what I have written, I have said any thing displeasing to the Civil, Military, and Commercial inhabitants of India; all these are subject to this Court; and to say any thing that might injure them cannot be acceptable. I know you Mr. Editor, to be impartial, and therefore apply to you; if this is published in your Durpun, I shall send you more particulars afterwards.

*Rammohun Bidyalunkar.*

*Benares Cashmiri Gunge,*
*17th April,* 1836.

---

কোম্পানির কাগজ।

| | | | |
|---|---|---|---|
| ৬ টাকা সুদের লোন | ২১ | ২২ | প্রিমিয়ম |
| পুরাতন ৫ টাকার লোন | | | |
| ১ ক্লাস | ৶০ | ॥০ | ঐ |
| ২ ক্লাস | ১ | ৶০ | ঐ |
| ৩ ক্লাস | ১।০ | ১৶০ | ঐ |
| মধ্যম ৫ টাকার লোন | ০ | ০ | ঐ |
| নূতন ৫ টাকার লোন | ১৶০ | ২ | ঐ |
| ৪ টাকার লোন | ১৶০ | ২ | ঐ |

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ৮০০০—৬৫০০ প্রিমিয়ম

*Government Securities.*

| | | | |
|---|---|---|---|
| 6 Per Cent loan, | 17 0 | 18 0 | Prem. |
| Old 5 Per Cent loan, | | | |
| 1st. Class, | 0 4 | 0 8 | |
| 2d. Class, | 1 0 | 0 12 | |
| 3d. Class, | 2 12 | 3 0 | |
| Middle 5 per cent loan, | 0 0 | 0 0 | |
| New 5 per Cent, | 2 12 | 3 0 | |
| 4 per Cent loan, | 1 10 | 2 2 | Disct. |

*Bank Shares.*

Bank of Bengal, .............. Sa. Rs. 5800 – 6000.